TO

JAMES PATTISON, Esq. Chairman.
WILLIAM WIGRAM, Esq. M. P. Deputy Chairman.

JACOB BOSANQUET, Esq.
Hon. WM. FULLARTON ELPHINSTONE,
JOSEPH COTTON, Esq.
CHARLES GRANT, Esq.
GEORGE SMITH, Esq. M. P.
EDWARD PARRY, Esq.
SWENY TOONE, Esq.
WILLIAM ASTELL, Esq. M. P.
JOHN INGLIS, Esq.
THOMAS REID, Esq.
JOHN BEBB, Esq.
CAMPBELL MARJORIBANKS, Esq.
JAMES DANIELL, Esq.
Hon. HUGH LINDSAY, M. P.
JOHN MORRIS, Esq.
ROBERT CAMPBELL, Esq.
JOHN GOLDSBOROUGH RAVENSHAW, Esq.
WILLIAM TAYLOR MONEY, Esq. M. P.
JOSIAS DU PRE ALEXANDER, Esq. M. P.
NEIL BENJAMIN EDMONSTONE, Esq.
JOHN LOCH, Esq.
CHARLES ELTON PRESCOTT, Esq.

DIRECTORS

FOR

MANAGING THE AFFAIRS

OF THE

Hon. United Company of Merchants of England

TRADING TO THE EAST-INDIES:

THIS WORK,

PREPARED UNDER THEIR PATRONAGE,

IS,

WITH GREAT DEFERENCE AND RESPECT,

DEDICATED BY

THEIR MOST OBEDIENT, AND
MOST HUMBLE SERVANT,

GRAVES CHAMNEY HAUGHTON.

East-India College, Hayleybury,
12th April, 1822.

PREFACE.

THE present publication has been prepared with the same view as the Bengálí Grammar lately laid before the publick. The same desire to facilitate the acquisition of a language so useful, and so extensively spoken, has been the cause which led to the printing of these Selections. To render them easy, to those who have to study the language in this country, translations are given; and the whole is followed by a Vocabulary of the words.

A very slight inspection of the Vocabulary will demonstrate how much the Bengálí language is indebted to its parent the Sanscrit. Of words derived from this source, scarcely any but verbs and pronouns are in the least corrupted. Of foreign words the admixture is very slight, being, perhaps, not above one word in forty. Hence even a slight acquaintance with the Sanscrit, will be found to be of the greatest service to any one learning this language. The same remark is equally applicable to the other Hindu dialects.

In turning the stories into English, the intention has been rather to assist the Student than to supersede the necessity of referring to the Vocabulary for the sense of every word; and yet, owing to the difference of idiom between the Bengálí and our own language, a general adherence to the turn of expression in the original has been sufficient to cramp the English version. To have essentially varied from the literal sense of the text, for the sake of rendering the English more idiomatick and easy, would have defeated the object for which it was undertaken.

It

It is hoped however that the translations will answer the purpose for which they were designed, namely, to enable the industrious student to gain a right knowledge of the force of the original, but in such a way as to be subordinate to the indispensable habit of referring to the dictionary.

The choice of stories has been guided by the desire of affording a variety of styles; and as the popular work called *The Tales of a Parrot*, contains the best specimens of the colloquial language, more than half the stories have been drawn from that source.

Considerable difficulty presents itself in selecting prose subjects from the Oriental languages, to be put in the hands of beginners. The most simple narrations are evidently those which will be most readily understood, as the connexion and unity of design in such compositions are extremely favourable to their being easily comprehended. These requisites, therefore, are a matter of the first importance in languages so dissimilar in structure and genius from those of Europe. But works possessing these advantages afford in other respects but little interest, as they are such as have been written for the entertainment of the most limited capacities,- for the populace, or for children. Eastern history, though possessing the essential excellence of impartial veracity, as far as this quality can depend upon the historian, is seldom, if ever, written in a simple and chaste manner becoming the dignity of the subject: and their poetry is, from various causes, generally too difficult: the love of hyperbole and far-stretched metaphor, and the many recondite conceits with which it usually abounds, unfit it, particularly, as a help to rudimental instruction. Hence, in selecting stories there is scarcely any thing like an intermediate style; it is but one step from the extravagant inventions, which delight the vulgar, to the wide wastes of metaphysicks, or the subtilely

curious

curious and often vain distinctions of dialecticks. And even here the line is not very accurately drawn by their writers; for the very same collection of popular stories will often be found to embrace fictions only fit for the entertainment of childhood, and matters which frequently transcend the comprehension of the most profound reasoner: a peculiarity marking a people of strong, but undisciplined, imaginations, and familiarly prone to abstract speculations. Yet it would be particularly unfair to judge of the intellectual powers of any people by works confessedly written to amuse the vulgar.

Whatever tends to facilitate our intercourse with the Natives of India, must be conducive to their intellectual and moral improvement, as well as to their worldly happiness; and it therefore becomes a matter of paramount importance, that the Company's Servants should be well acquainted with the language that may be vernacular within the range of their duties. Such elementary works as the present acquire, under this point of view, a degree of consequence that is not to be estimated by their intrinsick merit. What is rudimental should be easy; and what possesses this indispensible requisite can scarcely be deserving of much critical severity. If these stories can be made the means of facilitating the acquisition of the language, every design intended by their publication is fulfilled; and any deficiency of elegance or taste, either in the authors or the translator, will, it is hoped, be fully compensated by the evident utility of the work.

East-India College, Hayleybury,
12*th April*, 1822.

CONTENTS.

THE TALES OF A PARROT

FOUR STORIES TAKEN FROM THE COLLECTION

ENTITLED

THE STORIES OF THE THIRTY-TWO IMAGES OF VICRAMADITYA.

FOUR STORIES TAKEN FROM THE WORK

ENTITLED

THE TOUCHSTONE OF MEN.

॥ তোতইতিহাস ॥

॥ প্রথম ইতিহাস ॥

॥ ময়মুন্ জন্মও খোজেস্তার প্রেমগ্রস্ত হওয়ার বিবরণ ॥

পূর্ব্ব কালের ধনবানেরদের মধ্যে আমদ্‌সুল্‌তান্ নামে এক জন ছিলেন তাহার প্রচুর ধন ও ঐশ্বর্য্য এবং বিস্তর সৈন্যসামন্ত ছিল। এক সহস্র অশ্ব পঞ্চশত হস্তী নবশত উষ্ট্র ভারের সহিত তাহার দ্বারে হাজির্ থাকিত। কিন্তু তাহার সন্তান সন্ততি ছিল না। এইকারণ তিনি দিবারাত্রি ও প্রাতে ও সন্ধ্যাতে ঈশ্বরপূজকেরদের নিকটে গমন করিয়া সেবার দ্বারা সন্তানের বর প্রার্থনা করিতেন। কতক দিবস পরে ভগবান সৃষ্টিকর্ত্তা সূর্য্যের ন্যায় বদন চন্দ্রের ন্যায় কপাল অতি সুন্দর এক পুত্র তাহাকে দিলেন। আমদ্‌সুল্‌তান্ ঐ সন্তান পাইয়া বড় প্রফুল্ল চিত্ত পুষ্পবৎ বিকশিত হইয়া সেই নগরস্থ প্রধান লোক আর মন্ত্রী ও পণ্ডিত এবং শিক্ষাগুরু আর ফকিরেরদিগকে আহ্বানপূর্ব্বক আনয়ন করিয়া বহুমূল্য খেলাৎ বস্ত্রাদি দিলেন। যখন সেই বালকের সপ্তম বৎসর বয়ঃক্রম হইল তখন আমদ্‌সুল্‌তান্ এক জন বিদ্বান লোকের স্থানে পড়িবার জন্যে সেই পুত্রকে সমর্পণ করিলেন। কতক দিবসেতে সেই বালক আরবী ও পারস্য শাস্ত্রের সমুদায় পুস্তক পড়িয়া সমাপ্ত করিয়া রাজ

সভার ধারামত কথোপকথন আর বসন উঠন শিক্ষা করিলেন। তার পর রাজার আর সভাস্থ লোকেরদের পসন্দেতে উত্তম হইলেন॥

আদ্দুসুল্‌তান্‌ সেই বালকের নাম ময়মুন্‌ রাখিয়া খোজেস্তা নামে সুন্দরী সূর্য্যমুখী চন্দ্রের ন্যায় শরীর এক কন্যার সহিত বিবাহ দিলেন। তাহারদের স্ত্রী পুরুষ দুই জনেতে যথেষ্ট প্রীতি হইল। প্রতি দিন তাহারা একত্র আহ্লাদ ও আমোদে থাকেন ও ভোজন করেন ও নিদ্রা যান। এক দিবস ময়মুন্‌ পাল্‌কিতে আরোহণ করিয়া বাজারের কৌতুক দেখিতে গেলেন বাজারের মধ্যে এক ব্যক্তি তোতাবিক্রেতা তোতার পিঞ্জর হস্তে করিয়া দাঁড়াইয়াছিল। ময়মুন্‌ তাহাকে দেখিয়া কহিলেন যে এই তোতার মূল্য কত হইবেক। তোতা বিক্রেতা উত্তর করিলেক ইহার মূল্য মবলগে একসহস্র হূন্‌। ইহা শুনিয়া ময়মুন্‌ জবাব্‌ দিলেন যে জন বড় নির্ব্বোধ অজ্ঞান কিন্তু সেই জন এই এক মুষ্টি পাখা বিড়ালের এক গ্রাস কি এত মূল্য দিয়া ক্রয় করে। তৎক্ষণে তোতা বিবেচনা করিল যদি এই ধনবান বড় মনুষ্য আমাকে ক্রয় না করেন তবে আমার বড় দুর্দ্দশা হইবেক জ্ঞানী ও উত্তমেরদের সভাতে থাকিলে বুদ্ধির বৃদ্ধি হয়॥

তোতা ইহাই ভাবিয়া জবাব্‌ দিল ও হে যুবা রূপবান উপযুক্ত ধনবান শুন আমি তোমার দৃষ্টিতে এক মুষ্টি পাখা এবং বিড়ালের এক গ্রাস বটি কিন্তু বুদ্ধি ও জ্ঞানেতে আকাশে উড়িতে পারি এবং সৎকথকেরা আমার মিষ্ট ভাষা শ্রবণ করিয়া চমৎকৃত থাকেন আর

আগত কল্য যে কার্য্য হইবে তাহা আমি অদ্য বলিতে পারি তাহার প্রমাণ এই শুন ৷ কাবল্ দেশহইতে সওদাগর এই দেশে সম্বুল্ ক্রয় করিতে আসিবেন অত এব তুমি এই দেশের সম্বুল্ সমস্ত কিনিয়া এক গৃহে জমা করিয়ারাখহ তবে এই বাণিজ্যেতে বিস্তর লাভ পাইবা ৷ - ময়মুন্ তোতার এই সব বাক্য শুনিয়া এক সহস্র হূন্ দিয়া তোতাকে ক্রয় করিয়া আপন বাটীতে লইয়া গেলেন ৷ পরে ময়মুন্ ঐ দেশের সমস্ত সম্বুলবিক্রেতাকে ডাকাইয়া জিজ্ঞাসা করিলেন যে সমস্ত সম্বুলের মূল্য কি হইবেক ৷ সম্বুল বিক্রেতারা কহিলেক যে এ সকল সম্বুলের দর দশসহস্র হূন্ হইবে ৷ ময়মুন্ তৎক্ষণাৎ আপন ভাণ্ডারহইতে দশসহস্র হূন্ দিয়া সকল সম্বুল্ ক্রয় করিয়া এক বাটীতে একত্র রাখিলেন ৷৷

তৃতীয় দিবসের পর তোতার কথনানুযায়ী কাবল্ দেশহইতে সওদাগরেরা পঁহুছিয়া সকল স্থানেতে সম্বুলের বিস্তর অন্বেষণ করিলেন কিন্তু কোথাও সম্বুলের চিহ্ন না পাইয়া সেখানকার সওদাগরেরদের প্রমুখাৎ জ্ঞাত হইয়া ময়মুনের সাক্ষাতে আসিয়া পঞ্চাশ সহস্র হূন্ দিয়া সেই সমস্ত সম্বুল্ ক্রয় করিয়া লইয়া আপনারদের দেশে গমন করিলেন ৷৷

ময়মুন্ তোতার বাক্য যথার্থ পাইয়া বড় তুষ্ট হইয়া তোতার শরীরের একাকির ভর দূর হইবার জন্যে এক সারী পক্ষিণী ক্রয় করিয়া দুই

পক্ষিকে একত্র রাখিলেন ৷ জ্ঞানিরা কহিয়াছেন যে আপন ২ জাতিতে প্রায় হয় তাহার নিদর্শন এই ৷

৷ কপোত কপোতের এবং বাজ বাজের সহিত উড়ে ৷

অত এব তোতাতে আর সারিতে একত্র থাকিয়া উভয়ে তুষ্ট রহিল ৷৷ —

এক দিবস ময়মুন্ খোজেস্তাকে কহিলেন যে কিছু কালের জন্য নদী আর বিদেশে ভ্রমণ করিতে ইচ্ছা করি কিন্তু যাবৎ আমি বাহুড়িয়া না আইসি তাবৎ যখন তোমার যে কার্য্য প্রয়োজন হয় তখন তুমি তোতা আর সারীকে জিজ্ঞাসা করিবা ইহারদের পরামর্শ আর অনুমতি ব্যতিরেকে কোন কর্ম্ম করিও না ৷ এইরূপ কএক কথা কহিয়া ময়মুন্ বিদেশে গমন করিলেন ৷ ময়মুনের যাওনের পর খোজেস্তা আপন প্রিয়তমের বিচ্ছেদেতে বড় দুঃখিত চিত্ত হইয়া দিবারাত্রি নিদ্রা যাইতেন না আর ভোজন করিতেন না ৷ তোতা প্রত্যহ উত্তম উপন্যাস কহিবার দ্বারা খোজেস্তার মনের দুঃখ দূর করিতেন ৷ এই মতে ষষ্ঠ মাস গত হইল ৷৷

পরে এক দিবস খোজেস্তা স্নান এবং শরীরের লাবণ্য করিয়া অট্টালিকার উপরে দাঁড়াইয়া গবাক্ষের দ্বারহইতে পথের কৌতুক দেখিতে ছিলেন ৷ ইতিমধ্যে অন্য দেশহইতে এক রাজকুমার ভ্রমণার্থ ঐ সহরে উপস্থিত হইয়াছিলেন খোজেস্তার সূর্য্যতুল্য বদন দেখিয়া ক্ষিপ্ত হইলেন এবং খোজেস্তাও রাজপুত্রকে দৃষ্টি করিয়া তদনুরূপ হইলেন ৷ তাহার

পর রাজার বালক এক কুট্টনীর দ্বারা গোপনে খোজেস্তার নিকট বাক্য প্রেরণ করিলেন যে এক রাত্রি চারি দণ্ডের কারণ আমার বাটীতে আইসেন তাহার বদলে লক্ষ হূন্ মূল্যের এক অঙ্গুরীয়ক তাহাকে দিব। খোজেস্তা প্রথম স্বীকার করিলেন না পরে কুট্টনীর বহুবিধ ভুলানেতে সম্মত হইয়া উত্তর করিয়া পাঠাইলেন দিবসে গন্তব্য নয় অর্দ্ধরাত্রি গতে রাজকুমারের নিকটে আমি পঁহুছিব॥

পরে রজনীতে খোজেস্তা উত্তম বস্ত্র পরিধান করিয়া সারীর সম্মুখে আসিয়া চৌকির উপরে বসিয়া মনের মধ্যে বিবেচনা করিলেন যে আমি স্ত্রী এবং সারী ও স্ত্রী এ সব কার্য্যেতে সারী আমার কথা শুনিয়া রাজনন্দনের নিকট আমাকে যাইতে অনুমতি দিবেক। ইহা বুঝিয়া সমস্ত বিস্তারিত সারীকে গোচর করিলেন পরে সারী নীতিবাক্য দ্বারাতে কহিলেক যে এ কর্ম্ম স্ত্রীজাতির অতি অকর্ত্তব্য ইহাতে বড় দুর্নাম হইবা আর লজ্জা পাইবা। খোজেস্তা প্রীতিতে ক্ষিপ্তবৎ হইয়াছেন অত এব সারীর নিষেধে অতি ক্রোধিত হইয়া দুই পদে অতিদৃঢ় করি ধরিয়া সারীকে ভূমিতে এমত আছাড়িলেন যে সারীর প্রাণ শরীর হইতে ত্যাগ করিলেক সেই সারী মরিলে পরে সারীর পিঞ্জুর খালি পড়িয়া রহিল॥

পরে খোজেস্তা সেই কোপ থাকিতে২ তোতার নিকট পঁহুছিয়া আপন মনের কথা আর সারীর মরণের কথা বিস্তারিত করিয়া তোতাকে জ্ঞাত করাইলেন। তোতা জ্ঞানী জ্ঞাত হইয়া মনে বিচার করিলেক যে

যদ্যপি আমি সারীর মত বারণ করি তবে নিশ্চয় মরিব ৷—এই শঙ্কা প্রযুক্ত অতি কোমল বাক্যে খোজেস্তাকে তোতা কহিতেছে শুন খোজেস্তা সারী স্ত্রী পক্ষিণী কেন তুমি বিশেষ কথা তাহাকে কহিয়াছিলা সে অনুচিত করিয়াছ ৷ জ্ঞানিরা কহিয়াছেন যে বিস্তর স্ত্রীজাতি নির্ব্বোধ হয় বিশেষ কথা সকল ইহারদের নিকট প্রকাশ করা উপযুক্ত নয় কিন্তু তুমি এখন এই জন্যে ভাবিত হইও না যাবৎ আমার প্রাণ শরীরে আছে তাবৎ তোমার কার্য্যেতে আমি চেষ্টা করিব এবং সহকারিতা করিয়া তোমার মনোবাঞ্ছা যে প্রকারে পূর্ণ হয় তাহা আমি করিব কিন্তু ঈশ্বর ইহাই করেন যে এই সম্বাদ তোমার স্বামী শুনিয়া তোমার সহিত বিচ্ছেদ না করেন তবে ফরোখবেগ সয়দাগরের তোতা যেমত তাহারদের পতি পত্নীতে মিলাইয়া দিয়াছিল তেমন আমি তোমারদের স্ত্রী পুরুষেতে প্রীতি ও মিলন করিয়া দিব ৷ খোজেস্তা জিজ্ঞাসা করিলেন ফরোখবেগের তোতার ইতিহাস কিপ্রকার তাহা বিস্তারিত করিয়া কহ তবে আমি তোমাকে তুষ্ট হইব ৷৷

পরে তোতা কহিতে লাগিল এক দেশে ফরোখবেগ নামে এক সয়দাগর ছিলেন তাহার গৃহেতে এক জ্ঞানী তোতা থাকিত সয়দাগরের বিদেশ গমন উপস্থিত হইল ইহাতেই সেই সয়দাগর আপনার সকল অর্থ এবং আর২ দ্রব্য সামগ্রী সকল তোতাকে সমর্পণ করিয়া বাণিজ্যার্থে নানা দেশ ভ্রমণ করিতে গেলেন এবং বাণিজ্যের কারণ সেখানে কিছু দিবস রহিলেন ৷৷

এখানে সয়দাগরের স্ত্রী এক মোগোলের পুত্রের সহিত প্রণয় করিয়া প্রতি দিবস তাহাকে রাত্রিতে আপন বাটীতে আনিয়া গৃহে এক শয্যাতে দুই জন প্রাতঃকালাবধি থাকিত ৷ তোতা ইহারদের কর্ম্ম দেখিয়া আর বাক্য শুনিয়া অন্ধ ও বধিরের ন্যায় থাকেন সার্দ্ধবৎসরের পরে সয়দাগর বাটী আসিয়া বিস্তারিত সকল সম্বাদ. তোতাকে জিজ্ঞাসা করিলেন তোতা গৃহের আর ২ সমস্ত সম্বাদ সয়দাগরকে কহিল কিন্তু কেবল সেই স্ত্রীর মোগোল্‌পুত্রের সহিত মন্দ বিষয়ের কথা কহিল না তাহার কারণ এই কি জানি পাচে ইহারদের স্ত্রী পুরুষে বিচ্ছেদ হয় ৷ পরে দুই সপ্তাহ গতে সয়দাগর প্রতিবাসী লোকেরদের প্রমুখাৎ আপন স্ত্রীতে মোগোল্‌পুত্রের যে বিষয় হইয়াছিল তাহা জ্ঞাত হইয়া চমৎকৃত হইলেন এ সব পাপ কর্ম্ম কদাচ গোপনে থাকে না ৷ অতএব জ্ঞানিরা কহিয়াছেন যে কস্তুরী আর প্রীতিকে কেহ গোপনে রাখিতে পারে না কেননা কস্তুরীহইতে সৌরভ নির্গত হয় ও প্রীতি বাক্যেতে প্রকাশ হয় ॥

তারপর সয়দাগর আপন গৃহিণীর উপর বিরক্ত হইয়া নিগ্রহ করিলেন সেই স্ত্রীলোক মনে ২ অনুমান করিলেক যে আমার রীতের সমস্ত কথা তোতা জ্ঞাত ছিল এই কারণ তোতা আমার স্বামির নিকট সকল প্রকাশ করিয়াছে ৷ অতএব তোতাকে শত্রু বোধ করিয়া এক দিবস অর্দ্ধরাত্রেতে অবকাশ পাইয়া তোতার সমস্ত পাখা উৎপাটন করিয়া বাটীহইতে বাহিরে ক্ষেপণ করিয়া দাস ও দাসীরদিগের চেঁচাইয়া কহিলেন যে তোতাকে বিড়ালে লইয়া গেয়াছে ৷ পরে সেই স্ত্রী মনে করিলেক যে

তোতা মরিয়া থাকিবেক ৷ কিন্তু তোতার কিঞ্চিৎ প্রাণ অবশিষ্ট ছিল উপর হইতে নীচে পড়াতে বড় ব্যথিত হইয়াছিল ৷ এক দণ্ড গতে তোতা কিছু বল পাইল সেই স্থানে অনেক গোর ছিল তাহার এক গোরের গর্ত্তের মধ্যে প্রবেশ করিয়া কএক দিবস স্থিত হইয়া নিত্য দিবাতে ক্ষুধিত থাকিত রাত্রিযোগে গর্ত্তহইতে বাহিরে আসিয়া বিদেশী ব্যক্তিরা ঐ স্থানে উপনীত হইয়া যে সামিগ্রী ভোজন করিত তাহার অবশিষ্ট যাহা থাকিত তোতা তাহাই ভক্ষণ করিত এবং গর্ত্তে যে জল থাকিত তাহাই পান করিত ৷ কএক দিবসান্তে তোতার সমুদায় পাখা বাহির হইল এক গোর হইতে দ্বিতীয় গোরে উড়িয়া বসিতে পারিত এবং শস্য সকল খুঁটিয়া খাইতে পারিত ৷৷

যে রজনীতে সয়দাগরের স্ত্রী তোতাকে ফেলাইয়া দিয়াছিল প্রাতঃ কাল হৈলে পর সয়দাগর শয্যাহইতে গাত্রোত্থান করিয়া পিঞ্জর সমীপে আসিয়া দেখিলেন যে তোতা পিঞ্জরেতে নাই ইহাই দৃষ্ট হইবামাত্র বড় শব্দ করিয়া হস্তাদি ভূমিতে ক্ষেপণ করিয়া অন্তঃকরণে বড় ভাবিত থাকিয়া তোতার বিচ্ছেদে দিবারাত্রি ভোজন শয়ন ত্যাগ করিয়া স্ত্রীর উপর কোপিত হইয়া তাহার বাক্যে প্রত্যয় না করিয়া দমন দ্বারা বাটী হইতে বাহির করিয়া দিলেন ৷ সেই স্ত্রী আলয়হইতে বাহির হইয়া বিবেচনা করিলেক যে আমার স্বামী আমাকে বাটীহইতে বাহির করিয়া দিয়াছেন যদি আমাকে নগরস্থলোক দেখে তবে নিন্দা করিবেক অত এব উচিত হয় যে বাটীর নিকটস্থ গোর আছে তার

মধ্যে প্রবেশ করি আহার নিদ্রা না করিলেই মরিব- ইহাই বুঝিয়া সয়দাগরের পত্নী গোরের ভিতর প্রবেশ করিয়া এক দিবস নিরাহারে রহিলেন যখন নিশা হইল তখন তোতা সুড়ঙ্গহইতে বাহির হইয়া কহিল ও স্ত্রীলোক শুন তোমার শরীর আর মস্তকের কেশ মুণ্ডন করিয়া চতুর্বিংশতি দিবস অনাহারে এই গোর মধ্যে থাক তবে তুমি আপন বয়ঃক্রমেতে যে পাপ করিয়াছ তাহা ক্ষমা করিয়া তোমারদের স্ত্রী পুরুষে মিলন করিয়া দিব ॥ —

সয়দাগরের স্ত্রী এই শব্দ শুনিয়া চমৎকৃত হইয়া মনে করিলেন যে কোন সত্যবাদী ঈশ্বর পূজক ব্যক্তির গোর হইবেক অবশ্য ইনি আমার ঘাটি ক্ষমা করিয়া আমার স্বামির সহিত আমাকে মিলাইয়া দিবেন তারপর সেই স্ত্রীলোক আপন মস্তকের কুন্তল ছেদন করিয়া কএক দিন সেই গোরমধ্যে রহিলেন ৷- তারপরে এক দিবস তোতা বদরের সুড়ঙ্গহইতে বাহিরে আসিয়া কহিল ও স্ত্রীলোক শুন তুমি বিনাপরাধে আমার সকল পক্ষ উৎপাটন করিয়া বড় দুঃখ দিয়াছ ভাল যাহা আমার ললাটে ছিল তাহা তুমি করিয়াছ কিন্তু আমি তোমার অনেক লবণ ভক্ষণ করিয়াছি একারণ তোমার কার্যেতে আমি ভাল করিব এবং তোমার কর্ত্তার প্রীত তোতা আমি তুমি আমার কর্ত্রী বট গোরের সুড়ঙ্গহইতে সব কথা আমি তোমাকে কহিয়াছিলাম যে তোমার শরীরের এবং মাথার কেশ মুণ্ডন কর তবে তোমার পতির সহিত তোমার প্রীতি করিয়া দিব কিন্তু আমি তোমার লবণ রুটির দিগে দৃষ্টি করিয়া

তোমার স্বামির নিকটে তোমার কোন মন্দ কথা কহি নাহি ইহা যথার্থ কহিতেছি বরং তুমি দেখ আমি এই ক্ষণেই তোমার আলয়ে তোমার পতির নিকট যাইতেছি এবং যে প্রকারে তোমারদের স্ত্রী পুরুষে ঐক হয় তাহা করিতেছি ৷৷

তোতা ইহাই বলিয়া সয়দাগরের বাটীতে যাইয়া সাক্ষাতে সেলাম করিয়া আশীর্ব্বাদ দিলেক যে আপনকার ধন আর পরমায়ুর বৃদ্ধি হউক ৷ সয়দাগর তোতাকে প্রথম চিনিতে না পারিয়া জিজ্ঞাসিলেন যে তুমি কে বট কোথাহইতে আসিলা ৷ কিঞ্চিৎ পরে আপন তোতা জানিয়া বলিলেন যে তোতা এত দিবস কোথায় এবং কার গৃহে ছিলা তাহা কহ এবং আপন দশার বিস্তারিত কহ ৷ তোতা উত্তর করিলেক যে আমি তোমার সেই পুরাতন তোতা আমাকে পিঞ্জরহইতে বিড়ালে লইয়া আপন ওদর পিঞ্জুরে রাখিয়াছিল ৷ সয়দাগর কহিলেন ও তোতা তবে তুমি পুনরায় কিরূপে বাঁচিলা ৷ তোতা উত্তর করিলেক যে তুমি আপন পত্নীকে বিনা দোষেতে বাটীহইতে বাহির করিয়া দিয়াছিলা তিনি বাহির হইয়া গোরমধ্যে চতুর্ব্বিংশতি দিবস উপবাসী থাকিয়া বিস্তর রোদন করিলেন অত এব ঈশ্বর সর্ব্বকর্ত্তা তাহার অত্যন্ত কৃপাতে অনুগ্রহ করিয়া আমাকে বাঁচাইয়া কহিলেন যে তোতা তুমি সকল বিষয়ে সাক্ষী আছ অত এব সয়দাগরের নিকট যাইয়া তাহারদের পতি পত্নীতে মিলন করিয়া দেও ৷ সয়দাগর ইহাই শুনিয়া অতি শীঘ্র অশ্বের উপর আরোহণ করিয়া স্ত্রীর নিকট গমন

করিয়া কহিলেন যে ও প্রিয়তমা আমি তোমাকে নিরপরাধে দুঃখ দিয়াছি ভাল কার্য্য করি নাই ইহাতে আমার যথোচিত অপরাধ হইয়াছে তুমি ক্ষমা করিয়া বাটী চলহ ৷ পরে সয়দাগরের স্ত্রী বাটী যাইয়া তাহারদের স্ত্রী পুরুষে দুই জনে মিলন হইয়া বিস্তর আমোদিত আহ্লাদিত হইলেন ৷৷

ময়মুনের তোতা সয়দাগরের তোতার এই উপাখ্যান জ্ঞাত করাইয়া কহিলেন যে খোজেস্তা তুমি শীঘ্র গাত্রোত্থান করিয়া রাজ পুত্রের পার্শ্বে যাও তবে তোমার করার মিথ্যা হইবেক না ঈশ্বর করেন যেন এ সংবাদ তোমার স্বামী শুনেন না একান্ত যদি তিনি জ্ঞাত হন তবে ফরোখবেগ সয়দাগরের তোতার ন্যায় মিলন আর প্রীতি করিয়া দিব ৷ খোজেস্তা এই বাক্যেতে সন্তুষ্টা হইয়া রাজকুমারের নিকট যাইতে উদ্যত হইতেছিলেন ৷ ইতিমধ্যে প্রাতঃকাল হইল খোজেস্তা সমস্ত রাত্রি ইতিহাস শ্রবণেতে অনিদ্রিত ছিলেন অত এব শয়ন করিতে শয্যোপরে গমন করিলেন ৷৷

॥ দ্বিতীয় ইতিহাস ॥

এক জন চৌকিদার রাজা তেবরস্তানের সহিত হিঁতকর্ম্ম করিয়াছিলেন তাহার প্রসঙ্গ এই ॥

যখন দিবা গত রাত্রি উপস্থিত হইল তখন খোজেস্তা বহুমূল্য শয্যাহইতে গাত্রোত্থান করিয়া নানাবিধ খাদ্য সামগ্রী আর ফলাদি আনাইয়া ভোজন করিয়া আপন চন্দ্রতুল্য বদন সাজাইয়া স্বর্ণ রূপের সূত্রের বস্ত্র পরিধান করিয়া শুক পক্ষির সমীপে আসিয়া রাজপুত্রের নিকট যাইতে বিদায় চাহিলেন ৷ শুক কহিলেক যে তুমি মনে কিছু উদ্বিগ্না হইও না আহ্লাদিত থাক আমি তোমার কর্ম্মে চেষ্টিত আছি তোমাকে রাজপুত্রের নিকট পঁহুছাইব কিন্তু রাজপুত্রের যে প্রীতি আর ভালবাসা তোমাতে আছে তাহা তুমি হৃদয়ে রাখিবা যেমন চৌকিদার আপন মনেতে তেবরস্তান রাজাকে ভরসা দৃঢ় করিয়া ধন পাইয়াছিল তুমি তদ্রূপ রাজপুত্রকে ভাবনা করিও তবে তাহাকে অবশ্য পাইবা ৷ খোজেস্তা ইহা শুনিয়া শুককে প্রশ্ন করিলেন যে তেবরস্তান রাজার উপাখ্যান কিরূপ তাহা কহ ॥

শুক উত্তর করিল যে পূর্ব্বের মনুষ্যেরা এবং মন্ত্রীরা এমত কহিয়াছেন যে রাজা তেবরস্তান এক দিবস আপন সভা স্বর্গের ন্যায় সাজাইয়া উত্তম অন্ন ব্যঞ্জন এবং নানাপ্রকার মদ্য মাংস ভক্ষ্য দ্রব্য

সভামধ্যে রাখিয়া ঐ দেশীয় রাজপুত্র ও মর্য্যাদক ওপণ্ডিত ও শিল্পকারকের দিগকে সেই স্থানে উপস্থিত করিয়া রাজা ভেবরস্তান সেই সব উত্তম দ্রব্য তাহারদিগকে ভোজন করাইতেছিলেন ইতি মধ্যে অকস্মাৎ সেই স্থানে এক জন বিদেশী উপস্থিত হইল ৷ তদনন্তর রাজসভাস্থ প্রধানেরা তাহাকে জিজ্ঞাসিলেন যে তুমি কে কোথাহইতে আসিয়াছ কি কার্য্য কর ৷ সেই ব্যক্তি উত্তর করিলেক যে আমি তলোয়ার মারিতে আর ব্যাঘ্র ধরিতে পারি ইহা ব্যতিরেক আর ২ রূপ শিল্প কর্ম্ম জ্ঞাত আছি এবং তীর এমত মারিতে পারি যে আমার তীর কঠিন প্রস্তরেতে ছিদ্র করিয়া নির্গত হয় ৷ এবং গজেন্দর্ নামা এক জন ধনবান্ আছেন আমি কিছু দিবস তাহার নিকটে চাকর ছিলাম কিন্তু গজেন্দর্ আমার কিছু গুণবিবেচনা করিয়া বুঝিলেন না অত এব আমি তাহার চাকরি ত্যাগ করিয়া মহারাজ ভেবরস্তানের নাম শুনিয়া তাহার নিকট চাকরি করিতে আসিয়াছি ৷ মহারাজা ভেবরস্তান এই কথা শুনিয়া রাজদর্বারের লোকেরদিগকে আজ্ঞা দিলেন যে এই ব্যক্তিকে চৌকি দারি কর্ম্মে নিযুক্ত কর ৷ পরে কর্ম্মকর্ত্তারা রাজাজ্ঞানুসারে তাহাকে চৌকিদারি চাকরিতে নিযুক্ত করিলেন ৷৷

সেই জন প্রত্যহ রাত্রিতে এক পদে দাড়াইয়া রাজার অট্টালিকার দিগে দৃষ্টি করিয়া থাকে ৷ এক দিবস অর্দ্ধরাত্রের পরে রাজা উপর ঘরের ছাতে বেড়াইয়া সকল দিগে দৃষ্টি করিতে ২ নীচেতে দেখিলেন যে এক জন এক পাদে দাড়াইয়া রহিয়াছে রাজা তাহাকে দেখিয়া জিজ্ঞাসিলেন

তুমি কে বট অর্দ্ধ নিশাতে কিকারণ এক পদে দাড়াইয়া আছ ৷ চৌকিদার কহিলেক যে রাজদর্শনার্থে আকাঙ্ক্ষিত ছিলাম অদ্য আমার ভাগ্যের সহকারেতে দর্শন করিয়া বড় আহ্লাদিত আমোদিত হইলাম ৷ রাজা আর চৌকিদারেতে এই কথোপকথন হইতেছিল ইতিমধ্যে মাঠের দিগহইতে এক শব্দ রাজার কর্ণকুহরে পঁহুছিল সে শব্দ এই এক জন কহিতেছে যে আমি যাইতেছি কে এমত মনুষ্য আছে যে আমাকে ফিরাইবে ৷ ইহা শুনিয়া রাজা বিস্মিত হইয়া চৌকিদারকে কহিলেন যে ওহে চৌকিদার এ শব্দের বৃত্তান্ত তুমি কিছু জানহ ৷ চৌকিদার উত্তর করিলও মহারাজ কএক দিবস রাত্রিযোগে এইরূপ শব্দ শুনিতেছি কিন্তু চৌকিদারি কর্ম্মেতে থাকিতেকারণ গমন করিয়া জ্ঞাত হইতে পারি না যে এ শব্দ কাহার যদি আপনি আজ্ঞা দেন তবে অতি শীঘ্র গমন করিয়া শব্দের নিশ্চয় জানিয়া তোমার দাসেরদের সাক্ষাতে বিস্তারিত নিবেদন করিতে পারি ৷ রাজা কহিলেন শীঘ্র যাইয়া সম্বাদ আনহ ৷ চৌকিদার রাজাজ্ঞা পাইয়া তৎক্ষণাৎ গমন করিলেন ৷৷

পরে রাজা কৃষ্ণবর্ণ এক কম্বলেতে শরীর ঢাকিয়া চৌকিদারের পশ্চাৎ গেলেন ৷ চৌকিদার সেস্থানে পঁহুছিয়া দেখিল যে পথমধ্যে এক সুন্দরী দাড়াইয়া কহিতেছে যে আমি যাইতেছি আমাকে কে ফিরাইবেক ৷ ইহা শুনিয়া চৌকিদার প্রশ্ন করিলেক যে ও স্ত্রীলোক তুমি এমত কথা কেন কহিতেছ ৷ সে স্ত্রীলোক উত্তর করিলেক যে

আমি রাজা তেবরস্তানের পরমায়ুর প্রতিমূর্ত্তী রাজার আয়ুঃশেষ হইয়াছে অত এব আমি যাইতেছি ৷ চৌকিদার ইহা শুনিয়া কহিলেন তুমি রাজার পরমায়ু এখন তুমি কিরূপে বাহড়িয়া থাকিবে ৷ প্রতিবিম্ব কহিলেন শুন হে চৌকিদার যদ্যপি তুমি আপন পুত্রকে রাজার পরমায়ুর বদলেতে আমার সম্মুখে বলিদান দেও তবে আমি অবশ্য ফিরিয়া থাকিব রাজাও কতক কাল বাঁচিয়া থাকিবেন কদাচ শীঘ্র মরিবেন না ৷৷

চৌকিদার ইহা শুনিয়া তুষ্ট হইয়া উত্তর করিলেক যে যদি আমার প্রাণ আর আমার পুত্রের প্রাণ এই দুই দিলেও রাজা রক্ষা পান তবে অবশ্য দিব কিন্তু তুমি মুহূর্ত্তেক বিলম্ব কর আমি বাটী যাইয়া আপন সন্তানকে আনিয়া তোমার সাক্ষাতে বলিদান করি ৷ ইহা বলিয়া চৌকিদার আপন গৃহেতে যাইয়া এই সমস্ত কথা বড় পুত্রকে অবগত করিলেক৷ তদনন্তর সেই পুত্র সৎবিবেচক জ্ঞানী ইহাই শুনিয়া উত্তর করিল যে রাজা তেবরস্তান অতি বিচারক ও প্রজা পালক দৈন্য দুঃখ দূরকর্ত্তা যদি আমাকে বলিদান করিলে তিনি রক্ষা পান এ বড় উত্তম প্রকরণ কেননা আমার মরণেতে ক্ষতি নাহি এ রাজার মন্দ হইলে আর কোন দুর্জন ব্যক্তি রাজা হইবেন তাহার দুষ্টতাতে সহস্র ২ লোক নাশ হইয়া দেশ ওএরাণ হইবেক রাজা তেবরস্তান বাঁচিলে সহস্র ২ প্রজালোকেরদিগের সুখ এবং দেশের আবাদ্ হইবেক ও আমি শিক্ষাগুরুর স্থানে শুনিয়াছি তিনি এক দিবস চৌবাটীর পড়ুয়ারদিগকে কহিতেছিলেন যে রাজ সমভিব্যাহৃত লোকেরা যদি বিচারক রাজার প্রাণ রক্ষার্থে এক জন প্রজাকে

নষ্ট করে ইহাতে পাপ হয় না ৷ ঈশ্বর করেন যে এমত রাজা না মরেন আর অবিচারক রাজা রাজ্য না করে অত এব শীঘ্র আমাকে প্রতিমার নিকট লইয়া যাও এবং ছেদন কর ৷ তারপর চৌকিদার প্রতিমার সাক্ষাতে পুত্রকে আনিয়া হস্তপাদাদি বন্ধন করিয়া তীক্ষ্ণ ছোরা আপন করে লইয়া হেঁট মুণ্ড হইয়া ছেদন করিতে উদ্যত হইল প্রতিবিম্ব ইহা দেখিয়া শীঘ্র চৌকিদারের হস্তে ধরিয়া নিষেধ করিলেন যে তুমি তোমার পুত্রের গলা ছেদন করিও না ঈশ্বর সর্ব্বকর্ত্তা তোমার যোগ্যতা আর উত্তমতাতে বড় তুষ্ট হইয়া অনুগ্রহ করিয়া আমাকে ফিরিয়া ষষ্ঠি শত বৎসর থাকিতে আজ্ঞা দিলেন ৷ চৌকিদার এই মঙ্গল সমাচার শুনিয়া বড় আহ্লাদিত হইল ৷৷

চৌকিদারে আর প্রতিমাতে এবং চৌকিদারের পুত্রেতে যে কথোপ কথন হইয়াছিল রাজা সেই সমস্ত শুনিয়া এবং দেখিয়া চৌকিদারের আগমনের পূর্ব্বে গৃহে আসিয়া অট্টালিকার উপরে পূর্ব্ববৎ ভ্রমণ করিতে লাগিলেন ৷৷

চৌকিদার অর্দ্ধদণ্ড গতে রাজার সম্মুখে আসিয়া উপস্থিত হইয়া প্রণাম করিয়া মঙ্গল প্রার্থনা করিল যে মহারাজার আয়ুঃ ও ঐশ্বর্য্য এবং রাজ্য আর সৈন্যের বৃদ্ধি হউক ৷ তারপর রাজা জিজ্ঞাসিলেন ও হে চৌকিদার কহ শব্দের বৃত্তান্ত কি জানিলা ৷ চৌকিদার কহিলেক মহারাজ শ্রবণ করিতে আজ্ঞা হউক ৷ এক স্ত্রী সর্ব্বাঙ্গ সুন্দরী আপন স্বামির সহিত কলহ করিয়া বাটী হইতে বাহিরে আসিয়া পথমধ্যে

বসিয়া মনোদুঃখেতে শব্দ করিতেছিল যে আমি যাইতেছি এমত কোন ব্যক্তি আছে আমাকে ফিরাইবে ৷ আমি সেই স্ত্রীর সাক্ষাতে পঁহুছিয়া কোমল বাক্য দ্বারায় তুষিয়া তাহারদের স্ত্রী পুরুষে মিলন করিয়া দিলাম এখন সেই স্ত্রী স্বীকৃত হইলেন যে আমি স্বামির বাটীহইতে আর যষ্টি শত বৎসর কোথাও যাইব না ৷৷

রাজা চোকিদারের উত্তম ধারাতে আর জ্ঞানেতে বড় তুষ্ট হইয়া কহিলেন ও হে চৌকিদার যে কালে তুমি আমার বাটীর বাহির হইলা সেই সময় আমি ও তোমার পশ্চাৎ গমন করিয়া দূর হইতে তোমার আর প্রতিমার এবং তোমার তনয়ের উত্তর প্রত্যুত্তর শুনিয়াছি আর তোমরা যাহা করিয়াছিলা তাহাও দেখিয়াছি ঈশ্বর তোমার ভাল করিবেন এবং আমিও ভাবানের প্রার্থনার দ্বারা তোমার দৈন্য দূর করিব ও ধনবান্ করিব ৷ তার পর রাজা রাজসিংহাসনে উপবিষ্ট হইলে দেশের প্রধানেরা এবং সকল বিচারকেরাও হাজীর্ হইলেন এই সময় রাজা তাহারদের সাক্ষাতে চোকিদারকে প্রধান্ মন্ত্রী আর ধনভাণ্ডারির কর্ম্মে নিযুক্ত করিয়া চাবি ও কুলুপ সকল তাহাকে সমর্পণ করিলেন ৷৷

তোতা তেবরস্তান রাজার এই কথা সাঙ্গ করিলেই রাত্রি প্রভাত ও সূর্য্য উদয় হইল একারণ সেই দিবস খোজস্তার যাওন হইল না ৷ খোজেস্তা সমস্ত রজনী এই ইতিহাস শ্রবণে জাগ্রত ছিলেন অত এব মখমলের বিছানাতে শয়ন করিলেন ৷৷

॥ তৃতীয় ইতিহাস ॥

স্বর্ণকার আর সূত্রধর দুই জনে স্বর্ণের বিগ্রহ চুরি করিয়া গোপনে রাখিয়াছিল তাহার কথা ॥

যে সময়ে সূর্য্য অস্তে চন্দ্র উদয় হইল তখন খোজেস্তা বিস্তর স্বর্ণালঙ্কারে ভূষিতা হইয়া তোতার নিকট যাইয়া কহিলেন যে অদ্য রাত্রিতে আমাকে আমার প্রিয়তমের সন্নিধানে যাইতে বিদায় দেও । তোতা উত্তর করিলেক যে তোমাকে প্রথম রাত্রিতেই বিদায় করিয়াছি এখন পর্য্যন্ত কেন বিলম্ব করিতেছ শীঘ্র যাও কিন্তু এ সকল গহনা পরিয়া যে পুরুষের নিকট যাইবা যদি সেই জন এই অলঙ্কারেতে লোভ করিয়া তোমাতে যে প্রীতি আর ভালবাসা আছে তাহা ত্যাগ করে তবে তুমি তাহার কি করিবা যেমত স্বর্ণকার বিগ্রহের লোভেতে সূত্রধরের সহিত বহু কালের প্রেম ত্যাগ করিয়াছিল । খোজেস্তা জিজ্ঞাসিলেন যে স্বর্ণকার আর সূত্রধরেতে কিমত ব্যবহার হইয়াছিল তাহার বিস্তারিত কহ ॥

তোতা কহিতে আরম্ভ করিলেক যে এক দেশে এক স্বর্ণকারেতে আর এক সূত্রধরেতে এমত প্রণয় ছিল যে সকল লোকেরা ইহারদিগকে দেখিয়া ইহারা দুই ভ্রাতা এই অনুমান করিত । পরে স্বর্ণকার আর সূত্রধর একত্র বিদেশ গমন করিয়া এক সহরে পঁহুছিয়া খরচপত্র হীন

হইয়া আপনারা ঠাওরাইলেক যে এই নগরের মধ্যে এক দেবালয় আছে সেই দেবালয়েতে অনেক স্বর্ণ বিগ্রহ আছেন অত এব পরামর্শ এই যে আমরা ব্রাহ্মণের বেশ ধরিয়া সেই দেবালয়েতে যাইয়া দেবতারদের পূজা অর্চ্চনা করি যখন অবকাশ পাইব তখন কএক বিগ্রহ চুরি করিব এই মন্ত্রণা দুই জনে স্থির করিয়া দেবালয়েতে গিয়া সেবা পূজাদি আরম্ভ করিলেক আর ২ ব্রাহ্মণেরা ইহারদের দুই জনের আরাধনা দেখিয়া লজ্জিত হইলেন দুই এক জন ব্রাহ্মণ সেই দেবালয় নিকট গমন পুনরায় করিলেন না যদি কেহ তাহারদিগকে জিজ্ঞাসিত যে তোমরা কি কারণ দেবালয় ত্যাগ করিলে তাহারা উত্তর করিতেন যে দুই ব্রাহ্মণ আসিয়া যেরূপ দেবতারদের সেবা ও অর্চ্চনা করিতেছেন তেমন আমরা করিতে না পারিয়া লজ্জিত হইয়া দেবালয় ত্যাগ করিয়াছি ৷ এই প্রকারে ক্রমে ২ পূর্ব্বের সমস্ত বৃাহ্মণেরা দেবতার প্রাসাদ ত্যাগ করিলেন ॥

পরে এক দিবস রাত্রিতে স্বর্ণকার আর সূত্রধর সেই সব বিগ্রহ লইয়া আপন দেশের দিগে প্রস্থান করিয়া যখন আপন নগরে পঁহুছিলেন তখন বিগ্রহেরদিগকে এক বৃক্ষের তলে পুঁতিয়া রাখিয়া আপন ২ বাটীতে আসিলেন ৷ এক রাত্রে স্বর্ণকার একাকী যাইয়া সমস্ত বিগ্রহ মৃত্তিকাহইতে উঠাইয়া আপন গৃহে আনিলেক ৷ পর দিবস প্রাতে সূত্রধরের কাছে গিয়া কহিলেক যে ওহে সূত্রধর পূর্ব্বের প্রীতি ভুলিয়া আমার অংশ সুদ্ধ চুরি করিয়া লইলা সে ধন কত কাল

ভোগ করিবা ৷ ইহা শুনিয়া সূত্রধর চমৎকৃত হইয়া মনে করিল যে স্বর্ণকার এইমত আমাকে বঞ্চনা করিয়া সকল বিগ্রহ লইলেক ইহাতে সূত্রধর বিবেচনা করিয়া উত্তর করিলেক যে ও হে স্বর্ণকার যাহা তুমি করিয়াছ তাহা আমি বুঝিলাম কিন্তু তুমি ঈশ্বরের দিগে দৃষ্টি না করিয়া আমার উপর মিথ্যা অপবাদ দিলে ভাল ঈশ্বর আছেন ইহাই বলিয়া চেষ্টান্তর পাইতে লাগিল ৷ তারপর সূত্রধর বড় সুবোধ স্বর্ণকারের সহিত কলহ করাতে কিছু লভ্য না দেখিয়া নিরস্ত রহিল ৷৷

কতক দিবস গতে সূত্রধর স্বর্ণকারের অবয়ব এক কাষ্ঠপুত্তলিকা গঠন করিয়া স্বর্ণকারের বেশের ন্যায় পরিচ্ছদ সেই পুত্তলিকাকে পরাইলেক এবং ভালূক বৎস দুইটি আনিয়া সেই বৎসেরদের খাদ্য দ্রব্য ঐ পুত্তলিকার জামার দামনে আর আস্তিনে রাখিত ভালূক বৎসেরা ক্ষুধিত হইয়া সেই দামন্ আর আস্তিন্ হইতে ভক্ষণীয় বস্তু লইয়া ভোজন করিত ৷ সূত্রধর দেখিলেক যে বৎসেরদের অত্যন্ত প্রীতি পুত্তলিকার সহিত হইল তাহার পর সূত্রধর এক দিবস সস্ত্রীক স্বর্ণকারকে এবং আর ২ প্রতিবাসী নারীগণকে আহ্বান করিলেক ৷ স্বর্ণকারের পত্নী আপনার দুই বালক সুদ্ধ সূত্রধরের আলয়ে আসিলেক ৷ অনন্তর সূত্রধর ঐ বালকেরদিগকে এক স্থানে গোপনে রাখিয়া সেই দুই ভালূক বৎসকে বাহির করিয়া চেঁচাইয়া কহিতে লাগিল এ কি আশ্চর্য্য দেখিতেছি যে স্বর্ণকারের দুই নন্দন অকস্মাৎ ভালূক বৎসের ন্যায় হইল এ বড় খেদের বিষয় স্বর্ণকার এই বাক্য শুনিয়া সেই স্থানে

যাইয়া দেখিয়া সূত্রধরকে কহিলেক যে ও হে সূত্রধর মনুষ্য কখন ভালুক হয় না এ তোমার মিথ্যা কথা ৷৷

শেষে স্বর্ণকারে আর সূত্রধরে কলহ করিয়া সেই দেশের বিচার কর্ত্তা কাজির নিকট গেল তারপর কাজি সূত্রধরকে জিজ্ঞাসিলেন যে মনুষ্য কিরূপে ভালুক হইল তাহা কহ ৷ সূত্রধর উত্তর দিলেক যে স্বর্ণকারের বালকেরা একত্র ক্রীড়া করিতেছিল অকস্মাৎ ভূমিতে পড়িয়া ভালুকবৎসের ন্যায় হইল ৷ ইহা শুনিয়া কাজি কহিলেক যে তোমার এ কথার প্রমাণ না পাইলে কিমতে প্রত্যয় করি ৷ সূত্রধর কহিলেক যে পূর্ব্বের পুস্তকে আমি দেখিয়াছি এক জন্তু অন্য এক জন্তুর ন্যায় আকৃতি হইয়াছিল কিন্তু তাহার পূর্ব্বমত বুদ্ধি ছিল বালকেরা যদি ভালুক হইয়া থাকে তবে স্বর্ণকারকেও চিনিবেক এবং আমার কথাও সত্য হইবেক যদ্যপি না হইয়া থাকে তবে স্বর্ণকারকেও চিনিবেক না ও তাহার নিকট যাইবেক না সূত্রধরের এই কথা কাজি গ্রাহ্য করিয়া বৎসেরদিগকে আনিতে আজ্ঞা দিলেন ৷ পরে সূত্রধর কাজির আজ্ঞানুসারে ভালুক বৎসেরদিগকে আনিয়া কাছারিতে সকল লোকের মধ্য ছাড়িয়া দিলেক সেখানে বিস্তর লোক ছিল কিন্তু ভালুক বৎসেরা আর কাহার নিকট না যাইয়া কাষ্ঠ পুত্তলিকার অবয়ব এবং পরিচ্ছদ স্বর্ণকারকে দেখিয়া তাহার পায়েতে আপনারদের মস্তক ঘসিয়া খেলা করিতে লাগিল কাজি ইহা প্রত্যক্ষ দেখিয়া স্বর্ণকারকে কহিলেন ও হে স্বর্ণকার আমার প্রত্যয় হইল যে তোমার পুত্রেরা ভালুকবৎসের আকৃতি

হইয়াছে উঁহারদিগকে তুমি বাটীতে লইয়া যাও বৃথা কেন সূত্রধরের সহিত কলহ করিতেছ ॥

অনন্তর স্বর্ণকার অনুপায় বুঝিয়া সূত্রধরের বাটীতে আসিয়া সূত্রধরের পাদাবনত হইয়া কহিলেক যে তোমার অংশ দি নাই একারণ তুমি এই প্রকার করিয়াছ এখন তুমি আমাকে ক্ষমা করিয়া আপন অংশ লও এবং আমার ছাওয়ালেরদিগকে আমাকে দেহ । সূত্রধর কহিলেক যে তুমি বিশ্বাসঘাতকের কর্ম্ম করিয়াছিলা তেকারণ তোমার বড় পাপ হইয়াছে আর কখন তুমি এমত কার্য্য করিও না ইহাহইতে মন ফিরাও তবে কিছু আশ্চর্য্য নহে যে তোমার বালকেরা ভালূক মূর্ত্তি ত্যাগ করিয়া পূর্ব্বাকার হইবেক পরে সূত্রধর স্বর্ণের অংশ বুঝিয়া লইয়া সেই সন্তানেরদিগকে স্বর্ণকারের সাক্ষাতে আনিয়া দিলেক ॥

তোতা স্বর্ণকার আর সূত্রধরের কথা সাঙ্গ করিয়া খোজেস্তাকে কহিলেক যে তুমি সালঙ্কারা যাইও না যদি রাজপুত্র তোমার প্রীতি ভুলিয়া সকল গহনা লয় তবে কি করিবা । ইহা শ্রবণ করিয়া খোজেস্তা সমস্ত অলঙ্কার শরীরহইতে খুলিয়া রাখিয়া প্রিয়তমের নিকট গমন করিতে উদ্যত হইলেন ইতিমধ্যে প্রাতঃকাল হইল অত এব সে দিবস যাওন হইল না ॥

॥ চতুর্থ ইতিহাস ॥

এক জন প্রধান লোকের সন্তান এক সীপায়ের স্ত্রীর চরিত্র বিচার করিয়াছিল তাহার কথা ॥

যে কালে দিবাকর অস্ত নিশাকর উদয় হইলেন সেই সময়ে খোজেস্তা তোতার সমীপে আসিয়া কহিলেক যে তুমি আমার দুঃখের সম্বাদ কিছু জ্ঞাত নহ আমি রাজ পুত্রের প্রীতিতে অস্থিরা আছি অদ্য নিশাতে আমার প্রিয়তমের নিকট গমন করিতে আমাকে অনুমতি দেহ ৷ তোতা উত্তর করিলেক যে আমিও তোমার দুঃখেতে বড় দুঃখিত আছি তুমি প্রতিদিবস ইতিহাস শ্রবণ করিয়া রাত্রি প্রভাত কর কেন প্রিয়তমের নিকট যাইতে পার না কিন্তু আমার এই ভয় হইতেছে যদি ইহার মধ্যে তোমার স্বামী আসিয়া পঁহুছেন তবে তোমার বন্ধুর সন্নিধানে যাইতে না পারিয়া বড় লজ্জিত হইবা যেমন এক প্রধান লোকের নন্দন সীপায়ের স্ত্রীর স্থানে লজ্জিত হইয়াছিল তদ্রূপ পাছে তুমি ও হও ৷ ইহা শুনিয়া খোজেস্তা জিজ্ঞাসিলেক যে সীপায়ের স্ত্রী আর সেই প্রধান লোকের বালকের উপাখ্যান কিপ্রকার তাহা কহ ৷ পরে তোতা কহিতে আরম্ভ করিল ॥

এক নগরেতে এক সীপায়ের এক অতি বড় সুন্দরী স্ত্রী ছিল কিন্তু সীপাই আপন স্ত্রীকে সর্ব্বক্ষণ সাবধানে রাখিত পাছে সে স্ত্রী ভ্রষ্টা

হয় এই সন্দেহ প্রযুক্ত সীপাই আপন পত্নীকে কোথাও রাখিয়া কর্ম্ম কার্য্য করিতে যাইত না এই প্রকারে কিছু কাল গতে সীপাই বড় দুঃস্থ হইল একারণ এক দিবস সেই স্ত্রী কহিল্লেক যে স্বামী কেন তুমি বিদেশ যাও না এবং কি জন্যে চাকুরি ব্যবসায় ত্যাগ করিলা স্বামি জবাব দিলেক যে পাছে আমি কার্য্যার্থে গেলে তুমি দুষ্ট ক্রিয়া কর এই ভাবনা করিয়া তোমাকে কুত্রাপি রাখিয়া চাকরি করিতে যাইতে পারি না ইহা শুনিয়া স্ত্রী কহিলেক যে আপনি এমত বিচার করিতেছেন ঐ ভাল নহে কেননা যে স্ত্রী সাধ্বী হয় তাহাকে কেহ ভুলাইয়া দুষ্টা করিতে পারে না এবং যে নারী ভ্রষ্টা হয় তাহার স্বামী তাহাকে সাবধানেতে কথন রাখিতে পারে না তাহার ইতিহাস এই শুন ॥

এক দেশে এক যোগী ছিল সে আপন স্ত্রীকে পৃষ্ঠোপরে আরোহণ করাইয়া আপনি হস্তীর ন্যায় হইয়া বন ২ ভ্রমণ করিত কিন্তু সে স্ত্রী স্বামির এত সাবধানতাতেও এক পুরুষের সহিত মন্দ কর্ম্ম করিয়াছিল। সীপাই জিজ্ঞাসিলেক যে সে স্ত্রী কি প্রকারে এমত কর্ম্ম করিয়াছিল তাহা কহ ॥

সীপায়ের পত্নী কহিতে লাগিল যে এক জন পুরুষ বনমধ্যে এক হস্তীর পৃষ্ঠে আমারি দেখিয়া ত্রাসেতে এক বৃক্ষের উপরে আরোহণ করিল। হস্তী অকস্মাৎ সেহ তরুতলে আসিয়া যথন পৃষ্ঠহইতে আমারি নামাইয়া নীচে রাখিয়া আপনি চরিতে গেল তথন সে পুরুষ আমারির মধ্যে এক সুরূপা কন্যাকে দেখিয়া বৃক্ষহইতে নীচে আইল

এবং সেই কন্যা ঐ পুরুষকে দৃষ্টি করিয়া আমারিহইতে বাহির হইয়া আপন বাঞ্ছার কথা অবগত করিয়া দুই জনে স্বেচ্ছাপূর্ব্বক এক বিছানাতে বসিয়া মনোভিলাস পূর্ণ করিলেক ৷ তারপর সে কন্যা গ্রন্থিতে পরিপূর্ণ এক রজ্জু কড়চহইতে বাহির করিয়া আর এক গ্রন্থি দিলেক ৷ ঐ ব্যক্তি সেই দড়ি দেখিয়া জিজ্ঞাসিলেক যে এই রজ্জুর গ্রন্থির বৃত্তান্ত কি ৷ কন্যা উত্তর করিলেক যে আমার স্বামী বড় মায়াবী মায়ার দ্বারাতে আপনাকে হস্ত্যাকার করিয়া আমাকে পৃষ্ঠোপরে রাখিয়া বনে ২ ভ্রমণ করিতেছেন যেন আমি ভ্রষ্টা না হই কিন্তু আমার স্বামির এত সাবধানতাতে ও আমি এক শতপুরুষের সহিত মন্দ ক্রিয়া করিয়া স্মরণার্থে এই রজ্জুতে একশত গ্রন্থি দিয়াছিলাম অদ্য তোমার দয়াতে অধিক এক গিরা দিলাম মোটে একশত এক গ্রন্থি এই রজ্জুতে হইল ৷৷

যখন সীপায়ের ভার্য্যা এই উপাখ্যান সাঙ্গ করিল তখন সীপাই প্রশ্ন করিলেক যে এখন তুমি আমাকে কি বল ৷ সেই ভার্য্যা কহিলেক শুন স্বামী আমার পরামর্শ এই যে তুমি বিদেশে যাইয়া চাকুরি করহ এবং আমি তোমাকে এক পুষ্পগুচ্ছ দিব যদবধি সে পুষ্পগুচ্ছ তাজা থাকিবেক তদবধি তুমি নিশ্চয় জানিও যে আমি কোন মন্দ কর্ম্ম করি নাই যখন পুষ্পগুচ্ছ শুষ্ক হইবেক তখন জানিবা যে আমাহইতে কিছু মন্দ ক্রিয়া হইয়া থাকিবেক ৷ সীপাই ইহা শুনিয়া বিদেশে

যাইতে ইচ্ছা করিলেক সীপায়ের স্ত্রী স্বামিকে বিদেশ গমন কালে আপন এক পুষ্পগুচ্ছ দিয়া বিদায় করিলেক ॥

অনন্তর সীপাই আর এক সহরে পঁহুছিয়া তদ্দেশীয় এক জন প্রধান লোকের পুত্রের নিকট চাকর হইল কিন্তু স্ত্রীদত্ত পুষ্পগুচ্ছ সর্ব্বদা আপন সঙ্গে রাখিত ৷ হেমন্ত কাল উপস্থিত হইলে পর সেই বড় মানুষের তনয় সভাস্থ লোকেরদিগকে কহিলেন যে এই সময় কোন পুষ্পোদ্যানে নবীন ফুল দৃষ্টিতে আইসে না এবং ধনবানেরদের ও হস্ত প্রাপ্ত হয় না কিন্তু এ বড় আশ্চর্য্য যে এই দৈন্য সীপাই প্রত্যাবধি নূতন পুষ্পগুচ্ছ কোথাহইতে আনে ৷ সভাস্থ ব্যক্তিরা কহিলেক যে আমরাও ইহাতে চমৎকৃত হইতেছি ৷ তারপর সেই ধনবানের পুত্র সীপাইকে জিজ্ঞাসিলেন যে তুমি এ পুষ্পগুচ্ছ কোথাহইতে এবং কি প্রকারে আন ৷ সীপাই কহিল যে এই পুষ্পগুচ্ছ আমার গৃহিণী আমাকে ইহা বলিয়া দিয়াছে যে যাবৎএই পুষ্পগুচ্ছ নবীন থাকিবে তাবৎ তুমি নিশ্চয় জানিবা আমি সাধ্বী আছি কোন মতে ভ্রষ্টা হই নাহি যখন শুষ্ক দেখিবা সেই কালে জানিবা যে আমি দুষ্ট ক্রিয়া করিতেছি ইহা বলিয়া পুষ্পগুচ্ছ আমাকে দিয়া বিদায় করিয়াছে ৷ আমিরের পুত্র ইহা শুনিয়া হাস্য করিয়া কহিলেন যে তোমার স্ত্রী মোহিনী জানে অত এব পুষ্পগুচ্ছ নবীন দর্শাইতেছে ॥

পরে সেই ধনবানের পুত্রের নিকট দুই জন পাচক অত্যন্ত জ্ঞানী

এবং বোদ্ধা ছিল তাহারদের মধ্যে এক জন পাচককে ধনবানের নন্দন আজ্ঞা করিলেন যে তুমি সীপায়ের বাটীতে যাইয়া ছলের দ্বারাতে সীপায়ের স্ত্রীর সহিত একত্র শয়ন করিয়া শীঘ্র ফিরিয়া সকল অবগত কর, তবে পুষ্পগুচ্ছ তাজা-থাকে- কি শুষ্ক হয় তাহা দেখিয়া বুঝিতে পারিব ॥

সূপকার সেই ধনবানের পুত্রের আজ্ঞামত সীপায়ের সহরে গেল সে স্থানে পঁহুছিয়া এক কুট্টনীকে সীপায়ের স্ত্রীর সমীপে প্রেরণ করিলেক কুট্টনী সীপায়ের পত্নীর নিকট যাইয়া কোন প্রকারে পাচকের সমাচার পঁহুছাইল সীপায়ের স্ত্রী শুনিয়া কুট্টনীকে কিছু কথা কহিয়া এই উত্তর দিলেক যে সে পুরুষকে আমার নিকট আনহ প্রথম আমি সে পুরুষকে দেখি আমার উপযুক্ত বটে কি না ৷ পরে কুট্টনী সেই সূপকারকে সঙ্গে করিয়া সীপায়ের বাটী লইয়া গেল ৷ পরে সীপায়ের স্ত্রী সূপকারের কর্ণেতে কহিলেন যে তুমি এক্ষণে এ বাটীহইতে গমন কর এবং কুট্টনীকে এই রূপ কহ যে ঐ স্ত্রী লোক আমার উপযুক্ত নহে এমত স্ত্রীর সহিত আমি প্রীতি করিব না তারপর তুমি একাকী আমার গৃহে আইস কেননা কুট্টনী জাতি বিশেষ জ্ঞাত হইলে তারপরে প্রকাশ হয় অত এব কুট্টনীকে এ সম্বাদ কহিও না ৷ সূপকার এই কথা পসন্দ্ করিয়া তদনুসারে কার্য্য করিলেক ॥

সীপায়ের বাটীতে এক শুষ্ক কূপ ছিল সীপায়ের স্ত্রী সেই কূপের উপর ভগ্ন রজ্জুতে ছাওয়া এক খট্টা তাহাতে এক চাদর্ বিছাইয়া

সূপকারের আইসনের পূর্ব্বে সেই কূপোপরে সেই শয্যা রাখিলেক সূপকার আসিবামাত্র সীপায়ের স্ত্রী সেই খট্টাতে বসিতে বলিলেক ৷ পরে সূপকার তাহাতে বসিবামাত্র একবারে কূপমধ্যে পড়িয়া চেঁচাইতে লাগিল তদনন্তর সীপায়ের পত্নী জিজ্ঞাসিলেক কহ হে মনুষ্য তুমি কে বট কোথাহইতে আসিয়াছ সূপকার অনুপায় দেখিয়া সীপায়ের আর আমিরের পুত্রের সকল কথার বিস্তার বলিলেক ৷৷

পরে সূপকার এইরূপ আপদ্গ্রস্ত হইয়া যাইতে পারিল না আমিরের তনয় সূপকারের যাওনের বিলম্ব হওয়াতে দ্বিতীয় সূপকারকে বিস্তর ধন দিয়া সয়দাগরের ন্যায় সাজাইয়া সীপায়ের স্ত্রীর নিকট প্রেরণ করিলেন ৷ পরে দ্বিতীয় সূপকার সীপায়ের বাটীতে পঁহুছিয়া পূর্ব্ব পাচকের দশার মত কূপের ভিতর পড়িয়া দুই জনে একত্র রহিল ইহারদিগের এক জনেরও ফিরিয়া না যাওয়াতে আমিরের পুত্র কহিলেন যে ইহারা দুই ব্যক্তি গেল তাহার মধ্যে এক জনও ফিরিল না ইহার কারণ কি বুঝিতে পারিলাম না অত এব এইক্ষণে আমি সেখানে গেলে ভাল হয় ইহা মনে বিচার করিয়া এক দিবস সেই ধনবানের নন্দন মৃগয়ার নাম করিয়া সীপাইকে সঙ্গে লইয়া বাটীহইতে গমন করিয়া সীপায়ের দেশে পঁহুছিলেন পরে সীপাই আপন আলয়ে যাইয়া সেই তাজা পুষ্পগুচ্ছ আপন স্ত্রীর সম্মুখে রাখিল ৷ এবং স্ত্রীকে যে সব বিষয় ঘটিয়াছিল তাহা বেশেষিয়া স্ত্রী আপন স্বামিকে কহিলেক ৷৷

পরদিবস সীপাই আমির পুত্রকে নিমন্ত্রণ করিয়া বাটীতে লইয়া

অতিথি সেবা করিলেক সীপায়ের স্ত্রী সেই দুই সূপকারকে কূপহইতে বাহির করিয়া কহিলেক যে আমার আলয়ে অদ্য অতিথিরা আসিয়াছেন অত এব তোমরা স্ত্রীলোকের বেশ ধারণ করিয়া অন্নাদি খাদ্য দ্রব্য তাহারদের সম্মুখে রাখ আর সেবা কর তবে তোমারদিগকে মুক্ত করিব ৷ দুই জন সূপকার নারীর বস্ত্র পরিয়া খাদ্য সামগ্রী সেই আমিরের নন্দনের সাক্ষাতে লইয়া গেল কিন্তু পাচকেরদিগের কূপে থাকাতে আর মন্দ আহার করাতে মস্তক আর দাড়ির চুল উঠিয়া গিয়াছিল এ জন্যে আমিরের পুত্র প্রথম চিনিতে না পারিয়া সীপাইকে জিজ্ঞাসিলেক যে তোমরা কি অপরাধে এই দাসীরদের মস্তক মুণ্ডন করিয়াছ ৷ সীপাই জবাব দিলেক যে ইহারা যে ঘাইট কর্ম্ম করিয়াছিল তাহা পশ্চাৎ নিবেদন করিব ৷ পরে আমিরের পুত্র অতি নিরীক্ষণ করিয়া চিনিলেন যে সেই সূপকারেরা তাহারাও আমিরপুত্রের সাক্ষাতে বিস্তর রোদন করিল এবং আমির পুত্রের পাদাবনত হইল ৷ ইত্যবসরে সীপায়ের পত্নী ঘরেহইতে কহিলেক যে ও হে আমিরনন্দন শুন তুমি আমার স্বামির হস্তে পুষ্পগুচ্ছ দেখিয়া হাস্য করিয়া এই ব্যক্তিরদিগকে আমার সতিত্ব বিবেচনার্থে পাঠাইয়াছিলা এইক্ষণে সাক্ষাতে দেখিলা আমি কি প্রকার স্ত্রী ৷ আমিরপুত্র সকল দেখিয়া আর কথা শ্রবণ করিয়া লজ্জিত হইয়া কহিলেন যে আমার অপরাধ ক্ষমা কর ৷৷

তোতা সীপায়ের স্ত্রীর এই উপাখ্যান সাঙ্গ করিয়া খোজেস্তাকে

কহিলেক যে তুমি শীঘ্র আপন প্রিয়তমের নিকট যাও নতুবা লজ্জা পাইবা যেমত আমিরপুত্র সীপায়ের গৃহিণীর নিকট লজ্জিত হইলেন ৷ পরে খোজেস্তা যাওনের চেষ্টা করিতে কুক্কুত রব করিল ও প্রাতঃকাল হইল এ কারণ সে দিবস খোজেস্তা যাইতে পারিলেন না ৷৷ —

৷৷ পঞ্চম ইতিহাস ৷৷

এক স্বর্ণকার এক সূত্রধর এক দরজি এক উদাসীনে এই চারি জনেতে এক দারুর স্ত্রীলোকের কারণ কলহ করিয়াছিল তাহার কথা ৷৷

যখন সূর্য্য পশ্চিম দিগে বসিলেন চন্দ্র পূর্ব্ব দিগ হইতে প্রকাশ হইলেন তখন খোজেস্তা তোতার নিকট যাইয়া কহিলেন যে অদ্য রাত্রিতে আমাকে বিদায় দেও যে আমি আপন প্রিয়তমের অগ্রে যাই ৷ তোতা কহিলেক শুন কর্ত্রী তোমাকে প্রতি রাত্রিতে বিদায় করি কি কারণ তুমি গৌণ করিতেছ ইহাতে আমি ভয় পাইতেছি যদি অকস্মাৎ তোমার স্বামী আসিয়া পঁহুছেন তবে স্বর্ণকার সূত্রধর দরজি আর উদাসীনে এই চারি ব্যক্তিতে যেমন কলহ হইয়াছিল কিন্তু কাহার কিছু ফল হইল না পাছে সেইরূপ হয় ৷ ইহা শুনিয়া খোজেস্তা প্রত্যুত্তর করিলেন যে এই চারি জনের কি প্রকারে কলহ হইয়াছিল তাহা কহ ৷৷

তোতা কহিলেক যে এক কালে এক স্বর্ণকার এক সূত্রধর এক দরজি আর এক উদাসীন এই চারি ব্যক্তি একত্র বিদেশে গমন করিল ও এক রাত্রে এক মাঠেতে থাকিল এবং তাহারা পরস্পর কহিল যে মাঠেতে অদ্য রাত্রিতে সকলে এক কালে নিদ্রা যাইতে পারিব না অত এব চারি জন চারি প্রহর রাত্রি চৌকিদারি করিব এই কথা সেই চারি জন বিবেচনা করিল ৷ প্রথম প্রহর সূত্রধর চৌকিদারি করিতে লাগিল সূত্রধর আপন নিদ্রা দূর করিবার কারণ বাইস বাহির করিয়া এক কাষ্ঠ সেই স্থানে ছিল তাহাহইতে এক স্ত্রী মূর্ত্তি গঠন করিল ৷ দ্বিতীয় প্রহরে স্বর্ণকার নিদ্রা হইতে উঠিয়া আপন চৌকিতে নিযুক্ত হইয়া সেই কাষ্ঠ পুত্তলিকা দেখিয়া অনুমান করিলেক যে সূত্রধর এই দারু পুত্তলিকা গঠন করিয়া আপনার গুণ প্রকাশ করিয়াছে কিন্তু বিনা অলঙ্কার পুত্তলিকা সুন্দরী দেখায় না অত এব পুত্তলিকার কর্ণ গলা হস্ত পাদের জন্য অলঙ্কার গড়িয়া পরাই তবে অতি সৌন্দর্য্য হইবেক স্বর্ণকার ইহাই বিবেচনা করিয়া দিব্য আভরণ গঠন করিয়া পুত্তলিকাকে ভূষিতা করাইলেক ৷ যখন তৃতীয় প্রহর হইল তখন দরজি নিদ্রাহইতে জাগ্রত হইয়া আপনি চৌকি দিতে আরম্ভ করিয়া দেখিলেক যে এক কন্যা দারুময়ী অলঙ্কারেতে ভূষিতা কিন্তু উলঙ্গ দাড়াইয়া রহিয়াছে ৷ পরে দরজি বিবাহের কন্যার ন্যায় উত্তম বস্ত্রাদি সেলাই করিয়া সেই কাষ্ঠের পুত্তলিকাকে পরিধান করাইলেক তাহাতে বড় রূপ লাবণ্য হইল ৷ অনন্তর উদাসীন চতুর্থ প্রহরের সময় নিদ্রা

যোগ করিয়া চৌকিদারি কার্য্যে উপবিষ্ট হইয়া সেই মনোহর কাষ্ঠ পুত্তলিকাকে দেখিয়া আপন হস্তপাদ প্রক্ষালণের পর ঈশ্বরের আরাধনা করিয়া তাহার স্থানে প্রার্থনা করিলেন যে হে ভগবান্ এই কাষ্ঠ পুত্তলিকাতে প্রাণ দেও ৷ তৎক্ষণাৎ ঈশ্বর প্রাণ দিলেন ৷ পরে কাষ্ঠ মূর্ত্তি প্রাণ পাইয়া মনুষ্যের ন্যায় কথা কহিতে লাগিল ৷৷

যখন নিশা অবসান সূর্য্য উদয় হইলেন তখন তাহারা চারি ব্যক্তি শয়নহইতে গাত্রোত্থান করিয়া সেই মূর্ত্তির উপর আসক্ত এবং মুগ্ধ হইলেন ৷ পরে সূত্রধর কহিল যে প্রথম আমি দারু ছেদন করিয়া মূর্ত্তি গড়িয়াছিলাম অত এব এই স্ত্রী আমার আমি লইব ৷ স্বর্ণকার বলিলেক যে আমার গহনাতে এই স্ত্রী বিবাহের কন্যার মত সুন্দরী হইয়াছে এই জন্যে এই স্ত্রী আমাকে অর্শে ৷ দরজি কহিলেক যে কন্যা উলঙ্গ ছিল আমি বস্ত্র সেলাই করিয়া পরাইয়া লজ্জা রক্ষা করিয়াছি একারণ এই নারীকে আমি পাইব ৷ উদাসীন কহিলেক যে কাষ্ঠ পুত্তলিকা ছিল আমার প্রার্থনাতে জীবন পাইয়া মনুষ্য হইয়াছে অত এব এই স্ত্রীলোককে আমি গ্রহণ করিব ৷৷

এইরূপে ইহারদের চারি জনে পরস্পর বিবাদ হইতেছিল ইতিমধ্যে অকস্মাৎ এক জন সেই খানে উপস্থিত হইলে তাহারা চারি জন সেই ব্যক্তিকে দেখিয়া জিজ্ঞাসিলেক যে এই স্ত্রীকে কে পাইবেক ৷ সে পুরুষ শুনিয়া উত্তর করিল যে এ আমার স্ত্রী তোমরা ইহাকে ভুলাইয়া আমার বাটীহইতে বাহির করিয়া আনিয়াছ তারপর সেই

পুরুষ ইহারদের চারি জনকে সে স্ত্রী সুদ্ধা সে স্থানের কোটালের নিকট লইয়া গেল ৷ তারপর কোটাল সেই কন্যাকে দেখিয়া কহিলেক যে এ আমার সহোদরের পত্নী আমার ভ্রাতা ইহাকে সঙ্গে করিয়া বিদেশ গমন করিয়াছিলেন কিন্তু তোমরা ভ্রাতাকে নষ্ট করিয়া এই স্ত্রীকে লইয়া আসিয়াছ ৷ তাহার পর কোটাল এ সকলকে ধরিয়া কাজির নিকট লইয়া গেল ৷ কাজি সেই কন্যাকে দেখিয়া তাহারদিগকে জিজ্ঞাসিলেন যে তোমরা এই নারীকে কোথায় পাইলা এই স্ত্রীলোক বহু দিবস আমার দাসী ছিল আমার বাটীহইতে বিস্তর জিনিস্ আর নগদ্ মুদ্রা লইয়া পলাইয়াছিল এখন আমার চেড়ীকে আমি পাইলাম কিন্তু সে সব অর্থ আর সামগ্রী কোথা তাহা তোমরা এক্ষণে আনিয়া উপস্থিত করহ ৷৷

এইরূপে পরস্পর অতিবাদ কলহ উপস্থিত হইলে কৌতুক দেখিবার কারণ বিস্তর মনুষ্য আইল তাহারদের মধ্যে এক জন বৃদ্ধ ছিল সে কহিলেক এ কলহ কাহার হইতে নিষ্পত্তি হইবেক না ফলানা দেশে এক পুরাতন বৃহৎবৃক্ষ আছে যে বিষয় মনুষ্যহইতে শেষ না হয় সে তরুর সমীপে যাইলে তাহা স্থির হয় যে এ প্রকৃত কি মিথ্যা এই শব্দ তাহা হইতে বাহির হয় ৷ ইহাই শুনিয়া ঐ সাত জন পুরুষ সেই কন্যাকে সঙ্গে করিয়া বৃক্ষের নিকটে যাইয়া বিস্তারিত কহিল ৷ পরে সেই তরু আপনি বিদীর্ণ হইল ও সেই কন্যা শীঘ্র যাইয়া ঐ বৃক্ষমধ্যে প্রবেশ করিলে সেই বৃক্ষ পূর্ব্বমত সংযুক্ত হইল এবং কন্যার গায়ের গহনা

আর বস্ত্রাদি বাহিরে রহিল ৷ পরে বৃক্ষ কহিল যে যাহার বস্ত্র তাহাতে মিলন হইল ৷ শেষে ঐ সাত জন কন্যাকে না পাইয়া অতিলজ্জিত হইয়া গমন করিল ॥

তোতা এই ইতিহাস সাঙ্গ করিয়া খোজেস্তাকে কহিল যে কর্ত্রী আমি ইহাতেই শঙ্কা করিতেছি যদি অকস্মাৎ তোমার স্বামী আইসেন তবে তোমাকে আপনাতে একত্র করিবেন কিন্তু তুমি বন্ধুর নিকট লজ্জিত হইবা অত এব তুমি শীঘ্র গাত্রোত্থান করিয়া তোমার বন্ধুর কাছে যাও ৷ খোজেস্তা তোতার কথনানুসারে উঠিয়া গমন করিতেছিলেন ইতিমধ্যে প্রাতঃকাল হইল ও কুক্কুট রব করিতে লাগিল এ জন্যে খোজেস্তার যাওন বারণ হইল ॥

॥ ষষ্ঠ ইতিহাস ॥

কান্যকুব্জের রাজার কন্যার উপর এক ফকির আসক্ত হইয়াছিল ॥

যখন সূর্য্য পশ্চিম দিগে অস্ত হইলেন আর চন্দ্র পূর্ব্ব দিগে উদয় হইলেন সেই সময় খোজেস্তা সকল ভূষণেতে ভূষিতা হইয়া তোতার সন্নিধানে যাইয়া কহিলেন যে আমি প্রতিরাত্রিতে তোমার নিকটে আসিয়া তোমাকে উপন্যাস কহিতে দুঃখ দি এবং তুমিও নিদ্রা যাইতে পাও না একারণ আমি বড় লজ্জিতা আছি আর তোমার অনুগ্রহের

প্রতিষ্ঠা কহনের অধিক ৷ ইহাই শুনিয়া তোতা উত্তর করিলেক যে আমি তোমার দাস কিন্তু কখন তোমার কোন কর্ম্ম করিতে পারি নাই রায় রায়াঁ নামে এক জন ছিলেন তাহার উপাখ্যান শুনিয়াথাকিবা সেই রূপ আমি তোমাকে তোমার প্রিয়তমের নিকটে অতিশীঘ্র পঁহুচাইব ৷ পরে খোজস্তা তোতাকে জিজ্ঞাসিলেক যে রায় রায়াঁর গল্প কি প্রকার তাহা কহ ॥

তোতা কহিলেক যে কান্যকুব্জ দেশের রাজার অতি সুন্দরী শশিমুখী এক তনয়া ছিল ৷ অকস্মাৎ এক ফকির সেই কন্যার সৌন্দর্য্য দেখিয়া আসক্ত হইয়া মুগ্ধ এবং ক্ষিপ্তের ন্যায় হইল ৷ যখন সে ফকিরের কিছু চৈতন্য হইত তখন মনে বিচার করিত যে আমি ফকির তিনি রাজকন্যা আমি কিছু তাহার সমান ব্যক্তি নয়ি এ বড় অজ্ঞানের কথা যে রাজকন্যাকে লইতে ইচ্ছা করি কখন চাওর করে যে রাজার আর দীনের প্রীতি এক সমান অত এব রাজাকে কহিলে কন্যাকে পাইব ॥

ফকির এই সব বিবেচনা স্থির করিয়া কএক দিবসের পর রাজনকিটে কহিয়া পাঠাইলেক যে রাজপুত্রীকে আমাকে দেও ৷ রাজা ইহা শুনিয়া ক্রুদ্ধ হইয়া মন্ত্রীকে আজ্ঞা করিলেন যে এই ফকিরকে সাজা আর দুঃখ দেও ৷ মন্ত্রী কহিলেক রাজার ফকিরকে দুঃখ দেওয়া রাজধর্ম্ম নয় যদি আজ্ঞা করেন তবে এ ফকিরকে আর কোন উপায়েতে এ নগরহইতে দূর করিয়া দি ৷ রাজা মন্ত্রির কথাতে সম্মত হইয়া কহিলেন যে তাহাই কর ৷ অনন্তর মন্ত্রী ফকিরকে ডাকিয়া বলিল

যদি তুমি এক হস্তির ভার স্বর্ণ মুদ্রা সভাতে আনিয়া দেও তবে রাজ কন্যাকে পাইবা ॥

ফকির ইহাতে অতিচেষ্টিত হইয়া যাহাকে দেখে তাহারি নিকটে উপায় জিজ্ঞাসা করে ৷ এক ব্যক্তি ফকিরকে বড় ব্যস্ত দেখিয়া কহিলেক ও হে ফকির তোমার যাচঞা আর কাহাহইতে পূর্ণ হইবেক না রায় রায়াঁ নামে এক জন দাতা আছেন তাহার নিকট চাহিবামাত্র এক হস্তির ভার স্বর্ণ মুদ্রা তুমি পাইবা ৷ ইহা শুনিয়া ফকির অন্বেষণ করিয়া রায় রায়াঁর সন্নিধানে পঁহুছিয়া আপন দশার বিস্তার নিবেদন করিয়া এক হস্তির ভার স্বর্ণমুদ্রা যাচঞা করিলেক ৷ রায় রায়াঁ তৎক্ষণাৎ এক হস্তিতে স্বর্ণ মুদ্রার ভার দিয়া ফকিরকে দিলেন ৷ ফকির সেই স্বর্ণভারের হস্তী লইয়া কান্যকুব্জের রাজার নিকট পঁহুছাইলেক ৷ রাজা মন্ত্রিকে কহিলেন যে উপায় তুমি কহিয়াছিলা তাহাতে কিছু হইতে পারে না কেননা ফকির এক হস্তির ভার স্বর্ণ মুদ্রা উপস্থিত করিয়াছে এখন ফকিরের কি কর্ত্তব্য মন্ত্রী শুনিয়া কহিলেক যে ফকির এত ধন কোথা পাইলেক বুঝি রায় রায়াঁ দিয়া থাকিবেন তাহার ব্যতিরেক অন্য আর কেহ এমত নাহি যে এত দান করে এখণ আর কোন উপায় করিতে হবে তারপর মন্ত্রী ফকিরকে কহিলেক যে তুমি এক হস্তী স্বর্ণ মুদ্রার ভার দিয়া রাজকন্যাকে কদাচিৎ পাইবা না ৷ ফকির জিজ্ঞাসিলেক যে আর কি চাহ তাহা কহ আমি দিব ৷ পরে মন্ত্রী কহিলেক যদি তুমি রায় রায়াঁর মস্তক আনিয়া দেও তবে অবশ্য রাজকন্যাকে পাইবা ॥

ফকির ইহা শুনিয়া পুনর্ব্বার রায় রায়াঁর নিকট উপস্থিত হইয়া কহিলেক যে তোমার মস্তক রাজা চাহিয়াছেন ইহা দিলে তবে আমি কন্যাকে পাইব ৷ রায় রায়াঁ এই কথা শুনিয়া উত্তর করিলেন যে তুমি খাতিরজমাতে থাকহ আমার মস্তকের কারণ একান্ত ভাবিত হইও না কেননা আমি আপন মুণ্ড আপন হস্তেতে রাখিয়াছি যে চাহে তাহাকে দিব অত এব এক পরামর্শ তোমাকে কহি তুমি এক রজ্জুতে আমার গলা বন্ধন করিয়া আমাকে সশরীরে সেই রাজার নিকট লইয়া যাও এবং তাহাকে কহ যে তুমি যে ব্যক্তির মস্তকের জন্য কহিয়াছিলা তাহাকে আনিয়াছি তোমার সাক্ষাতে তাহার মস্তক ছেদন করিয়া দিব ইহা শুনিয়া রাজা যদ্যপি কবুল্ করেন তবে তৎক্ষণাৎ আমার শরীর হইতে মস্তক পৃথক করিয়া দিবা যদি মস্তক না লইয়া আর কোন কিছু চাহেন তাহা আমি আয়োজন করিয়া দিব ॥

ফকির সেইরূপ রজ্জু দিয়া রায় রায়াঁর গলা বন্ধন করিয়া সেই রাজার নিকটে লইয়া যাইয়া কহিলেক যে ব্যক্তির মস্তক চাহিয়াছিলা আমি তাহাকে সশরীরে আনিয়াছি বলতো তোমার সাক্ষাতে মস্তক ছেদন করিয়া দি ৷ পরে রাজা রায় রায়াঁর পুরুষার্থ দেখিয়া তাহার পাদাবনত হইয়া কহিলেন মনুষ্যত্বেতে ও শূরত্বেতে তোমাহইতে আর কেহ বড় মনুষ্য পৃথিবীমধ্যে নাই আমার কি সাধ্য যে তোমার মস্তক লই আমার কন্যা তোমার ক্রীতা দাসী তোমার যাহাকে ইচ্ছা তাহাকে দেও ইহা বলিয়া রাজা কন্যাকে ডাকিয়া রায় রায়াঁর হস্তে সমর্পণ করিলেন ॥

তোতা রায় রায়াঁর এই বাক্য শেষ করিয়া খোজেস্তাকে কহিলেক ওগো কর্ত্রী যদি আমার মস্তকেতেও তোমার প্রয়োজন থাকে তাহাও দিব মস্তক যাওনেতে খেদ করিব না তুমি তোমার প্রিয়তমের নিকট শীঘ্র যাও ৷ তাহার পর খোজেস্তা আপন প্রিয়তমের সমীপে যাইতে ইচ্ছা করিয়া উঠিলেন এই সময়ে প্রাতঃকাল হইল একারণ সে দিবস খোজেস্তার যাওনের বাধ হইল ৷৷

৷৷ সপ্তম ইতিহাস ৷৷

এক সয়দাগর আপন কন্যা হারাইয়াছিল তাহার কথা ৷৷

যখন সূর্য্যাস্তে চন্দ্রোদয় হইল খোজেস্তা তখন তোতার নিকটে যাইয়া ভাবিতা হইয়া বসিলেন ৷ তোতা ইহাই দেখিয়া জিজ্ঞাসিলেক যে ও কর্ত্রী কেন অদ্য রাত্রিতে ভাবিতা আছ ৷ খোজেস্তা উত্তর করিলেন যে গতরাত্রিতে আমার মনে এই কথা উপস্থিত হইয়াছে যে আমার প্রিয়তম সুবোধ কি নির্ব্বোধ ও পণ্ডিত কি মূর্খ তাহা বিবেচনা করিব যদি নির্ব্বোধ হন তবে তাহার সহিত বাস করিব না ৷ কেননা মূর্খের আর নির্ব্বোধের সহিত বাসে মৃত্যু হয় ৷ তোতা ইহাই শুনিয়া খোজেস্তাকে কহিলেক যে তুমি এখন আপন প্রেমির আলয়ে যাইয়া সয়দাগরের কন্যার উপাখ্যান কহিয়া তাহার বুদ্ধি বিবেচনা কর তিনি

যদি প্রকৃত উত্তর করিতে পারেন তবে জানিও যে জ্ঞানী বটেন ৷ পরে খোজেস্তা জিজ্ঞাসিলেন যে সে কন্যার কথা কি প্রকার তাহা কহ ৷৷ ৪

তোতা ইহাই শুনিয়া কহিতে আরম্ভ করিলেক যে কাবল্ দেশে ধনবান এক সয়দাগর ছিলেন তাহার জোহরা নামে এক সুন্দরী কন্যা ছিল ৷ সকল সহরের ধনবানেরা সেই সয়দাগরের পুত্রীকে বিবাহ করিতে বাঞ্ছা করিত কিন্তু সয়দাগর সুতা কোন ব্যক্তিকেও স্বীকার না করিয়া পিতাকে বলিলেন যে উপযুক্ত ও বিদ্বান পুরুষকে আমি বিবাহ করিতে চাহি ৷ এই কথা সর্ব্বত্র প্রকাশ হইল ৷ এই রব শুনিয়া এক সহরেতে তিন জন যুবা শাস্ত্রেতে অতিবিদ্বান ছিল তাহারা তিন জন কাবল্ নগরে আসিয়া সয়দাগরকে কহিলেক যে তোমার কন্যা বিদ্বান স্বামী চাহেন ইহাই শুনিয়া আমরা তিন জন আসিয়াছি আমারদের বিদ্যার পরিচয় লউন ৷ এক জন জ্যোতিঃ শাস্ত্রেতে পণ্ডিত যাহা হারায় যে স্থানে থাকে ও যাহা হইবেক সেই সব কথা কহিতে পারেন ৷ দ্বিতীয় জন শিল্প শাস্ত্রে বড় বিদ্বান এমন কাষ্ঠের অশ্ব নির্ম্মাণ করিতে পারে যে সে অশ্বোপরে এক ব্যক্তি আরোহণ হইয়া যেখানে যাইতে ইচ্ছা করে সেই খানে বায়ুর ন্যায় গতিতে পঁহুছিতে পারে ৷ তৃতীয় ব্যক্তি তীরন্দাজীতে অতি উপযুক্ত যাহাকে বাণ মারে তাহার শরীর ছিন্ন ভিন্ন করি তাহাতে তাহার তিলার্দ্ধ স্থান থাকে না আমারদের তিন জনের বিদ্যার কথা এই কহিলাম ৷ ইহার মধ্যে যে তোমার কন্যার মনোনীত হয় তাহাকে স্বামী করুণ ৷ সয়দাগর ঐ তিন

ব্যক্তির গুণের কথা শ্রবণ করিয়া কন্যাকে কহিলেন পরে কন্যা উত্তর করিলেক যে আমি আপন মনে পরামর্শ করিয়া কল্য ইহার জবাব দিব কিন্তু কন্যা মনে বিবেচনা করিলেক যে ইহারদের মধ্যে এক জনকে গ্রহণ করিব ৷ পরে কন্যা রাত্রিতে নিদ্রা যাইতে ছিল ইতি মধ্যে এক পরী আসিয়া কন্যাকে এক পর্ব্বতের মধ্যে লইয়া গেল ৷ প্রাতঃকালে সয়দাগর কন্যাকে এত অন্বেষণ করিলেন কুত্রাপি না পাইয়া জ্যোতির্জ্ঞ ব্যক্তির নিকটে আসিয়া জিজ্ঞাসিলেন যে ও হে যুবা কহ আমার কন্যা কোথায় সেই পুরুষ মুহূর্ত্তেক ভাবিয়া সয়দাগরকে কহিলেক যে তোমার কন্যাকে পরীতে লইয়া এক দুর্গ পর্ব্বতে রাখিয়াছে সে পর্ব্বতে মনুষ্য যাইতে পারে না ৷ পরে সয়দাগর সেই শিল্পকারের দ্বারা এক কাষ্ঠের অশ্ব গঠন করাইয়া লইয়া ঐ তীরন্দাজকে আরোহণ করাইয়া সেই পর্ব্বতে প্রেরণ করিলেন ৷ পরে তীরন্দাজ দারু ঘোটকে আরোহণ করিয়া পবনের ন্যায় গতিতে সেই পর্ব্বতে পঁহুছিয়া এক বাণেতে পরীকে নষ্ট করিয়া কন্যাকে সয়দাগরের বাটীতে আনিলেক এবং সয়দাগরকে কহিলেক যে এ কন্যাকে আমি লইব এবং জ্যোতির্জ্ঞ কহিলেক যে আমাহইতে কন্যার সন্ধান হইয়াছে অত এব আমি এ কন্যাকে পাইব শিল্পকার ও বলিল যে আমার গঠিত অশ্বে আরোহণ হইয়া সেই পর্ব্বতে পঁহুছিয়া কন্যাকে আনিল এ জন্যে আমি তোমার কন্যাকে পাইব ৷ এই রূপ তিন জনে বড় বিবাদ আরম্ভ হইল ৷৷

তোতা এই কথা সাঙ্গ করিয়া খোজেস্তাকে কহিলেন যে এই

উপাখ্যান তুমি আপন বন্ধুকে জিজ্ঞাসা করিও যে সে কন্যাকে কোন ব্যক্তি পাইবেক যদি তিনি প্রকৃত উত্তর করিতে পারেন তবে তাহাকে বুদ্ধিমান্ জানিবেন ৷” ইহাই শুনিয়া খোজেস্তা কহিলেন যে ও তোতা তুমি আমাকে অগ্রে এ কথা বল যে সে কন্যা কাহাকে অর্শিবেক তোতা উত্তর করিলেক যে ব্যক্তি পরীকে বাণ মারিয়া নষ্ট করিয়াছে সেই ব্যক্তি কন্যাকে পাইবেক ৷ খোজেস্তা প্রশ্ন করিলেক যে ব্যক্তি গনণা করিয়াছিল এবং যে জন ঘোটক নির্ম্মাণ করিয়াছিল তাহারা কেন না পায় ৷ তোতা কহিলেক যে তাহারা দুই জন কেবল আপন বিদ্যার প্রকাশ করিয়াছিল তীরন্দাজ মরণ ভয় না করিয়া অতিবড় ভয়ানক স্থানে যাইয়া বহু ক্লেশেতে পরীকে নষ্ট করিয়া কন্যাকে আনিয়াছিল এই হেতুক সেই পাইবেক ৷৷

তোতা এই ইতিহাস সাঙ্গ করিয়া খোজেস্তাকে কহিলেক যে তুমি শীঘ্র আপন বন্ধুর নিকটে যাও ৷ পরে খোজেস্তা উঠিয়া যাইতে উদ্যত হইলেন এই কালে কুক্কুট রব করিল ও প্রাতঃকাল হইল এ নিমিত্তে সে দিবস খোজেস্তার গমন হইল না ৷৷

॥ অষ্টম ইতিহাস ॥

বাবলের রায়ের পুত্র এক কন্যার উপর আসক্ত হইয়াছিল তাহার কথা ॥

যখন সূর্য্য পশ্চিমদিগে প্রস্থান করিল ও চন্দ্র পূর্ব্বদিগ হইতে বাহির হইল খোজেস্তা তখন বিদায় চাহিতে তোতার নিকট যাইয়া কহিলেন যে ও তোতা এখন আমি প্রিয়তমের সন্নিধানে যাইয়া প্রথম তাহার বুদ্ধি বিবেচনা করি তিনি বুদ্ধিমান বটেন কি না ৷ যদি বুদ্ধিমান দেখি তবে তাহার সহিত প্রেম করিব নতুবা মনোদুঃখ পাইয়া থাকিব কেননা জ্ঞানিরা বলিয়াছেন যে স্ত্রীলোক আর বালক এবং নির্ব্বোধ এই তিন প্রকার লোকের প্রায়েতে প্রত্যয় করা কর্ত্তব্য নহে ৷ পরে তোতা শুনিয়া কহিলেক যে ও কর্ত্রী তুমি এ সকল প্রকৃত আজ্ঞা করিতেছ কিন্তু তোমার উচিত যে অদ্যরাত্রিতে আপন প্রেমির সহিত সাক্ষাৎ করিয়া কোন ইতিহাস কহিয়া তাহাকে উত্তর জিজ্ঞাসা কর যদি তিনি তোমার মনোনীত উত্তর দেন তবে তুমি তাহাকে জ্ঞানী জানিও নতুবা নির্ব্বোধ জানিও ৷ পরে খোজেস্তা প্রশ্ন করিলেন যে তাহাকে আমি কোন ইতিহাস জিজ্ঞাসা করিব তাহা কহ ॥

তোতা কহিতে আরম্ভ করিলেক যে বাবলের রায়ের তনয় এক সময় এক দেবালয়ে প্রবেশ করিয়া তন্মধ্যে পূর্ণিমার চন্দ্রের ন্যায়রূপ

অতিকৃষ্ণবর্ণ কাকপক্ষ যুক্তা মৃগনয়না বিম্বোষ্ঠী মধ্যক্ষীণা হংস গমনা অতি সুন্দরী এক কন্যাকে দেখিয়া রায়ের নন্দন তাহার উপর আসক্ত হইয়া দেবতার পদতলে মস্তক রাখিয়া স্তুতি ও অর্চনা করিয়া কহিলেন ও পরমেশ্বর যদি এই কন্যা আমাকে বিবাহ করে তবে তোমার সাক্ষাতে আপন মস্তক বলি দিব ৷ তাহার পর সে কন্যার পিতার নিকটে ঘটকের দ্বারা বাক্য প্রেরণ করিলেন যে আমি তোমার কন্যাকে বেবাহ করিতে চাহি ৷ ঘটক এই কথা পিতার নিকটে কহিলেক কন্যার পিতাও তাহাতে সম্মত হইয়া আপন জাতির ধারা আর শাস্ত্রমত রায়ের পুত্রের সহিত কন্যার বিবাহ দিলেন ৷ পরে রায়ের পুত্র সে কন্যা সুদ্ধা আপন বাটীতে যাইয়া দুই জনে একত্র থাকিলেন কএক দিবস পরে কন্যার পিতা কন্যাকে আর জামাতাকে আপন বাটীতে আনিবার নিমিত্তে সম্বাদ পাঠাইলেন ৷ পরে রায়ের নন্দন এই সমাচার পাইয়া সস্ত্রীকে হইয়া এবং আপন সভাসদ্ এক ব্রাহ্মণকে সঙ্গে লইয়া শ্বশুরালয়ে প্রস্থান করিলেন ৷ যখন সে দেবতার প্রাসাদের নিকট পঁহুছিলেন তখন রায়ের পুত্রের মনে হইল যে আমি এই দেবতার নিকটে কবুল্ করিয়াছিলাম যদি এই কন্যা আমাকে বিবাহ করে তবে আমি আপন মস্তক বলি দিব কিন্তু কন্যা আমাকে বিবাহ করিয়াছে অত এব আমার মস্তক বলি দেওয়া উচিত ৷৷

ইহা বিবেচনা করিয়া রায়ের নন্দন একাকী সে মন্দিরমধ্যে

প্রবেশ করিয়া আপন মুণ্ড ছেদন করিলেন এবং সে মুণ্ড দেবতার পদে রাখিলেন ৷ তারপর সভাসদ সে ব্রাহ্মণ গৃহমধ্যে যাইয়া রায়ের নন্দনের মস্তক ছিন্ন দেখিয়া বড় ভীত হইলেন যে সকলে কহিবেক এই ব্রাহ্মণ কন্যার লোভে রায়ের বালককে নষ্ট করিয়াছে অত এব এখন পরামর্শ এই যে আমিও আপন মস্তক কাটিয়া ফেলি ইহা স্থির করিয়া ব্রাহ্মণ আপন শিরঃছেদন করিয়া সে দেবতার চরণের নিকট পড়িলেন ৷ মুহূর্ত্তেক পরে কন্যা স্বামির বাহির হওনের বিলম্ব দেখিয়া আপনি দেবালয়ে প্রবেশ করিয়া আপন স্বামির ও ব্রাহ্মণের মস্তক ছিন্ন দেখিয়া চমৎকৃত হইলেন যে এ কি আপদ্ পথমধ্যে আমার উপস্থিত হইল যে স্বামির এমত দশা তবে আমার জীবনেতে আর ফল নাই আমিও আত্মমস্তক ছেদন করিয়া স্বামির সহিত দাহ হইব ইহা বলিয়া আপন মস্তক ছেদন করিতে উদ্যত হইলেন ৷ এই সময়ে সে দেবতা হইতে এই শব্দ নির্গত হইল যে ও কন্যা তুমি আত্ম মস্তক ছেদন করিও না কিন্তু কাটা মস্তক উহারদের শরীরের সহিত শীঘ্র সংলগ্ন কর তবে উহারা জীবন পাইবেক ৷ কন্যা এই কথা শুনিবামাত্র বড় ব্যস্তা হইয়া স্বামির মস্তক ব্রাহ্মণের দেহেতে আর ব্রাহ্মণের মুণ্ড স্বামির শরীরে সংযোগ করিলেন এবং সংযোগ হবামাত্র দুইজন প্রাণ পাইয়া স্ত্রীর সাক্ষাতে দাড়াঁইলেন ৷ পরে রায়ের পুত্রের শরীরে আর ব্রাহ্মণের মস্তকে মহা কলহ উপস্থিত হইল মস্তক বলে আমার পত্নী আমি লইব শরীর কহে এ স্ত্রী আমার আমি পাইব ৷৷

তোতা এই কথা যখন খোজেস্তাকে অবগত করিয়া কহিলেক যে ও কর্ত্রী যদি তুমি তোমার প্রিয়তমের বুদ্ধি বিবেচনা করিতে চাহ তবে তাহাকে এই কথা জিজ্ঞাসা করিও যে এ কন্যা কে পাইবেক তিনি যদি সুবোধ হন তবে যথার্থ বলিতে পারিবেন নতুবা অপ্রকৃত কহিবেন। খোজেস্তা প্রশ্ন করিলেন যে প্রথম আমাকে কহ যে সে কন্যা কে পাইবে তোতা কহিলেক যেও কর্ত্রী তবে শুন মস্তক জ্ঞানের স্থান এবং শরীরের প্রধান অত এব বাবলের রায়ের মস্তক যে দেহে আছে সেই দেহ কন্যাকে পাইবেক ॥

যখন খোজেস্তা এই উপাখ্যান শুনিয়া আপন বন্ধুর নিকট যাইতে উদ্যত হইলেন ইতিমধ্যে কুক্কুট শব্দ করিলেক ও প্রাতঃকাল হইল এই কারণ খোজেস্তার সে দিবস গমন রহিত হইল ॥

॥ নবম ইতিহাস ॥

এক রাজা এক সয়দাগরের কন্যা গ্রহণ করেন নাই তাহার কথা ॥

যখন সূর্য্যাস্তে চন্দ্রোদয় হইল তখন খোজেস্তা বড় লজ্জিতা হইয়া তোতার নিকটে যাইয়া কহিলেন ও তোতা তুমি আমার মনের কথা শুন জ্ঞানবানেরা কহিয়াছেন যে নারী লজ্জান্বিতা নয় সে নারী অন্য২ স্ত্রী লোকেরদেরহইতে মন্দ হয় অত এব এখন আমি পরপুরুষের নিকট

না যাই আপন বাটীতে ধৈর্য্যাবলম্বন করিয়া থাকি কেননা এ সকল নির্লজ্জের ব্যাপার ৷ তোতা কহিলেক ও কর্ত্রী যাহা আজ্ঞা করিতেছ তাহা প্রকৃত বটে কিন্তু এই ভয় করি যদি সহিষ্ণু হইয়া থাক তবে পাছে রাজার ন্যায় কষ্ট পাও এবং পীড়িতা হও ৷ খোজেস্তা ইহাই শুনিয়া জিজ্ঞাসিলনে যে রাজার কষ্টের কথা কি রূপ তাহা কহ ৷ তোতা কহিতে আরম্ভ করিলেক ॥

এক নগরে এক সয়দাগর তাহার প্রচুর ধন সামগ্রী তুরঙ্গ হস্তী এবং এক সুন্দরী কন্যা ছিল সে কন্যার সৌন্দর্য্যের কথা দেশে বিদেশে প্রকাশ হইয়া সেই ২ দেশীয় সল্লোকেরা ঐ কন্যাকে বিবাহ করিবার আকাঙ্ক্ষাতে সয়দাগরের নিকট আসিয়া বহুবিধ স্তব করিলেন কিন্তু সয়দাগর এ কথাতে সম্মত হইলেন না ৷ যখন কন্যা বিবাহ যোগ্য হইল তখন এক দিবস সয়দাগর এক লিপি সেই দেশের রাজার নিকট পাঠাইলেন যে আমার কন্যা অতিসুন্দরী চন্দ্রবদনা মৃগনয়না অতি কৃষ্ণবর্ণ কুন্তলযুক্তা গজেন্দ্রগমনা তাহার অমৃতের ন্যায় ভাষা শুনিয়া পক্ষীরা অজ্ঞান হইয়া মুগ্ধ হয় কন্যা রাজ্ঞীর উপযুক্তা যদি মহারাজা অনুগ্রহ করিয়া গ্রহণ করেন তবে আমার বড় পৌরুষ আর সম্মান বৃদ্ধি হয় ৷ রাজা এই পত্র পড়িয়া এবং ভক্ত প্রমুখাৎ শ্রবণ করিয়া তুষ্ট হইয়া মনে বিচার করিলেন যখন যে ব্যক্তির প্রাক্তন ভাল হয় তখন সে ব্যক্তির সকল উত্তম বস্তু আপনাহইতে তাহার নিকট উপস্থিত হয় ৷ ইহা বুঝিয়া আপনার বিশ্বস্ত পাত্র চারি জন ছিল তাহারদিগকে

কহিলেন তোমরা সয়দাগারের বাটী যাও যদি সয়দাগারের পুত্রী আমার উপযুক্তা দেখ তবে আমার নিকটে তৎক্ষণাৎ আনিও ৷ তার পর পাত্রেরা সয়দাগারের গৃহে পঁহুছিয়া তাহার কন্যার রূপ নিরীক্ষণ করিয়া জ্ঞান হত হইল কিন্তু কিঞ্চিৎ কাল পরে স্থির হইয়া ঐ চারিজন পরামর্শ করিলেন যদি রাজা এমত সুন্দরী স্ত্রীকে দেখেন তবে ক্ষিপ্ত হইয়া দিবারাত্রি কন্যার নিকটে থাকিয়া রাজ কর্ম্মে মনোযোগ করিবেন না অত এব সকল কর্ম্ম নষ্ট হইবেক পাত্রেরা ইহা ভাবিয়া পুনর্ব্বার রাজ সন্নিধানে আসিয়া নিবেদন করিলেন মহারাজ কন্যা অতিসুন্দরী নহে তাহার মত বিস্তর স্ত্রী রাজবাটীতে আছেন এই নিমিত্তে আনিলাম না ৷ রাজা পাত্রেরদের কথা শুনিয়া কহিলেন তোমরা যে রূপ কহিলে সে রূপ যদি হয় তবে সে কন্যাকে আমি চাহি না পরে রাজা কন্যাকে বিবাহ না করাতে সয়দাগর মনোদুঃখিত হইয়া কন্যাকে ঐ নগরের কোটালের সহিত বিবাহ দিলেন পরে কন্যা মনে বিবেচনা করিলেক আমি এমত রূপবতী কিন্তু রাজা আমাকে গ্রহণ করিলেন না এ বড় আশ্চর্য ৷৷

পরে এক দিবস রাজা কোটালের বাটীর দিগে ভ্রমণ করিতে যাইতেছিলেন এই কালে সে কন্যা আপনার রূপ লাবন্য প্রকাশ করিয়া আপন অট্টালিকার উপরে দাঁড়াইয়াছিল ৷ রাজা তাহাকে দেখিয়া আসক্ত হইয়া সেই বাটীর নিকটস্থ লোকেরদিগকে জিজ্ঞাসিলেন এ কন্যা কে বটে তাহারা কহিলেক মহারাজ ফলানা সয়দাগরের কন্যা

ইহাঁকে কোটালে বিবাহ করিয়াছে ৷ রাজা এই সমাচার জ্ঞাত হইয়া সে পাত্রগণকে ডাকাইয়া কহিলেন যে তোমরা এমত সুন্দরী কন্যাকে মিথ্যা করিয়া আমার নিকট কুরূপা কহিয়াছিলা ইহাতে তোমারদের বড় অপরাধ হইয়াছে ৷ অনন্তর পাত্রেরা উত্তর করিলেক যে শুন মহারাজ আমরা কন্যার অত্যন্ত সৌন্দর্য্য দেখিয়া বুঝিলাম যদি এ কন্যাকে রাজার নিকটে লইয়া যাই তবে ইহাকে রাজা দেখিবামাত্র রাজকর্ম্ম ত্যাগ করিয়া ক্ষিপ্ত হইবেন একারণ মিথ্যা কহিয়াছিলাম ৷ রাজা পাত্রেরদের এই কথা পসন্দ করিয়া কহিলেন তোমরা এক প্রকার ভাল করিয়াছিলা বটে কিন্তু আমি কন্যাকে দেখিয়া অস্থির হইয়াছি ৷ রাজসমভিব্যাহৃত লোকেরা রাজাকে কহিলেক মহারাজ সে স্ত্রীকে প্রথম কোটালের স্থানে চাহ যদি সে না দেয় তবে বলের দ্বারা লইবেন ৷ রাজা উত্তর করিলেন যে আমি রাজা এমত কার্য্য আমার করা উচিত নহে কেননা এ অতি অবিচার আর দৌরাত্ম্য প্রজাকে ও ভৃত্যকে পীড়া দিয়া রাজধর্ম্ম নহে পরে রাজা সে স্ত্রীর কারণ ভাবিয়া২ কএক দিবসের মধ্যে পীড়িত হইয়া যথোচিত কষ্ট পাইয়া প্রাণ পরিত্যাগ করিলেন ৷৷

তোতা এই উপাখ্যান সাঙ্গ করিয়া খোজেস্তাকে কহিলেক ও কর্ত্রী আমার পরামর্শ নহে যে তুমি ধৈর্য্যাবলম্বন করিয়া থাক অত এব এক্ষণে তুমি উঠিয়া আপন প্রিয়তমের নিকট যাইয়া সাক্ষাৎ কর যদি সাক্ষাৎ না কর তবে তুমি রাজার ন্যায় পীড়াতে কষ্ট পাইবা পরে

খোজেস্তা গমন করিতে উদ্যত হইলেন ইতিমধ্যে কুক্কুট শব্দ করিলেক ও প্রাতঃকাল হইল এ জন্যে সে দিবস খোজেস্তার গমন হইল না ॥

॥ দশম ইতিহাস ॥

এক সয়দাগর আর এক নাপিত এই দুই জন কতক ব্রাহ্মণকে যষ্টিদ্বারা প্রহার করিয়াছিল তাহার কথা ॥

যখন সূর্য্যাস্তে তারাগণের সহিত চন্দ্রোদয় হইল তখন খোজেস্তা জরির সাটী বস্ত্র ও স্বর্ণালঙ্কার পরিধান করিয়া বিদায় চাহিতে তোতার নিকট গমন করিয়া কহিলেন ও তোতা আমি অদ্য অর্দ্ধরাত্রের সময় বন্ধুর সমীপে যাইতে চাহি অত এব এই সময় যে ইতিহাস থাকে তাহা কহ ৷ তোতা ইহা শুনিয়া কহিতে আরম্ভ করিলেক ॥

এক সহরে এক ধনবান্ সয়দাগর ছিল কিন্তু তাহার সন্তান ছিল না একারণ সয়দাগর এক দিবস অন্তঃকরণে স্থির করিলেন যে পৃথিবীতে আসিয়া প্রচুর অর্থ সংগ্রহ করিয়াছি কিন্তু আমার সন্তান নাই আমার মৃত্যু হইলে পর এই ধনকে ভোগ করিবেক অত এব এই সকল ধন ফকির আর গরিব ও অনাথেরদিগকে দেওয়া কর্ত্তব্য ৷ সয়দাগর ইহা পরামর্শ স্থির করিয়া আপনি সমস্ত ধন দান করিয়া রাত্রিতে শয়ন করিয়া রহিয়াছেন নিদ্রার স্থাতে এক স্বপ্ন দেখিলেন

যে এক ব্যক্তি কহিতেছে ও ধনী আমি তোমার প্রাক্তন তুমি অদ্য সমস্ত ধন ফকিরেরদিগকে দিয়াছ তোমার সংসারের খরচ কি প্রকার চলিবেক ইহা ভাবিয়া কিছু রাখ নাই এই হেতু আমি তোমাকে এক পরামর্শ কহিতে আসিয়াছি ৷ কল্য আমি বিপ্রমূর্ত্তি ধারণ করিয়া তোমার নিকট যখন আসিব তখন তুমি আমার মস্তকে যষ্ঠ্যাঘাত করিবা আমিও সে যষ্ঠ্যাঘাতে ভূমে পড়িয়া প্রাণ ত্যাগ করিবামাত্র আমার শরীর স্বর্ণ হইবেক সে কালে তুমি আমার শরীর ছেদন করিয়া স্বর্ণ লইবা তাহার পর যেমত আমার অবয়ব সেরূপ হইবেক ॥

দ্বিতীয় দিবস এক নাপিত সয়দাগরকে কামাইতেছিল এই কালে সে প্রাক্তনের প্রতিমূর্ত্তি ব্রাহ্মণ পঁহুছিল পরে সয়দাগর গাত্রোত্থান করিয়া কএক বার তাহার মস্তকে যষ্ঠ্যাঘাত করিলেন ব্রাহ্মণ সে যষ্ঠ্যাঘাতে প্রাণ ত্যাগ করিয়া ভূমিতে পড়িয়া স্বর্ণ হইল ৷ নাপিত দেখিলেক একারণ সয়দাগর তাহাকে কএক মুদ্রা দিয়া নিষেধ করিলেক যে তুমি এ কথা কাহাকে কহিও না ৷ নাপিত ইহা দেখিয়া জ্ঞান করিলেক যে ব্রাহ্মণকে যষ্ঠ্যাঘাত করিলে স্বর্ণ পায় ৷ নাপিত ইহা ভাবিয়া আপন গৃহে পঁহুছিয়া কএক বিপ্রকে নিমন্ত্রণ করিয়া আপন বাটীতে আনিয়া তাহারদের শীরেতে এমত এক যষ্ঠ্যাঘাত করিলেক যে তাহারদের মস্তক চূর্ণ হইয়া রক্তের ধারা পড়িতে লাগিল তাহারাও যষ্ঠ্যাঘাত হইবামাত্র চিৎকার শব্দ আরম্ভ করিলেক সে শুনিয়া বিস্তর লোক একত্র হইয়া নাপিতকে সে দেশের বিচারকর্ত্তার নিকটে লইয়া

গেল ৷ বিচারকর্ত্তা নাপিতকে জিজ্ঞাসিলেন তুমি কি জন্য বিপ্রেরদিগকে যষ্ঠ্যাঘাত করিয়াছ নাপিত উত্তর করিলেক যে আমি এক সয়দাগরের বাটীতে গিয়াছিলাম সে সয়দাগরের নিকট এক ব্রাহ্মণ আসিয়াছিল পরে সয়দাগর সে ব্রাহ্মণকে কএক বার যষ্ঠ্যাঘাত করিলেক তাহাতে সে ব্রাহ্মণের প্রাণ ত্যাগ হইল এবং তাহার শরীর স্বর্ণ হইল ৷ ইহা দেখিয়া মনে বিবেচনা করিলাম যদি আমি ব্রাহ্মণেরদিগে বড় যষ্ঠ্যাঘাত করি তবে আমি অধিক স্বর্ণ পাইব ইহা স্থির করিয়া ব্রাহ্মণেরদিকে মারিয়াছি কিন্তু তাহারদের মধ্যে কেহ স্বর্ণ হইল না কেবল কলহ উপস্থিত হইল ৷ বিচারকর্ত্তা ইহা শুনিয়া সে সয়দাগরকে ডাকাইয়া কহিলেন ও সয়দাগর শুন এই নাপিত কি কথা কহিতেছে সয়দাগর উত্তর করিলেন এই নাপিত আমার চাকর ছিল কএক দিবসাবধি ক্ষিপ্ত হইয়াছে ৷ বিচারকর্ত্তা সয়দাগরের কথায় প্রত্যয় করিয়া নাপিতকে খেদাইয়া দিলেন ৷৷

তোতা এই ইতিহাস সাঙ্গ করিয়া খোজেস্তাকে কহিলেক ও কর্ত্রী এখন আপন প্রিয়তমের নিকটে গমন করুণ ৷ পরে খোজেস্তা গাত্রোত্থান করিয়া গমন করিতে উদ্যত হইলেন ইতিমধ্যে কুক্কুট রব করিল ও প্রাতঃকাল হইল একারণ খোজেস্তার সে দিবস গমন হইল না ৷৷

৷৷ ইতি তোতইতিহাসের প্রসঙ্গ সমাপ্ত ৷৷

॥ চতুর উপাখ্যান শ্রী বিক্রমাদিত্যের বত্রিস পুত্তলিকা সংগ্রহহইতে ॥

একাদশী পুত্তলিকার কথা ॥

পুনর্ব্বার অপর দিবস ভোজরাজ অভিষেক কারণ সিংহাসনে বসিবার কারণ সিংহাসনের নিকট উপস্থিত হইলেন। এতন্মধ্যে একাদশী পুত্তলিকা কহিলেন ভোজরাজ শুন এ সিংহাসনে বসিতে সেই পারে যাহার রাজা বিক্রমাদিত্যের তুল্য মহত্ত্ব থাকে। ভোজ রাজ কহিলেন হে পুত্তলিকা রাজা বিক্রমাদিত্যের কি রূপ মহত্ত্ব ॥

পুত্তলিকা কহিলেন হে ভোজরাজ শুন রাজা বিক্রমাদিত্তের রাজ্যে ভদ্রসেন নামে এক মহাজন ছিলেন ঐ মহাজন অনেক ধন রাখিয়া মৃত হইলে তৎ পুত্র পুরন্দর নামে সে সকল ধন অপব্যয় করিয়া নষ্ট করিতে লাগিল প্রতিবাসি লোকেরদের নিবারণ মানে না। পুরন্দরের পিতার মিত্র এক পণ্ডিত ব্রাহ্মণ এক দিবস পুরন্দরের নিকট আসিয়া কহিলেন হে মিত্র পুত্র যে ধন নানা যত্নে রক্ষা করিলেও স্থির হইয়া থাকেন না সে ধন অনায়াসে তুমি অযথার্থ ব্যয় করিতেছ। পুরুষের মহত্ত্ব ধন থাকিলেই হয় এই ধনকে শাস্ত্রে লক্ষ্মী করিয়া বলে বিষ্ণুলক্ষ্মীর স্বামী হইয়া তিন লোকের অধিপতি হইয়াছেন। এই লক্ষ্মী সমুদ্রহইতে উৎপন্না হইয়াছেন অতএব সমুদ্রের নাম রত্নাকর এই লক্ষ্মীর গর্ব্ভে কন্দর্প জন্মিয়াছেন এই প্রযুক্ত ব্রহ্মাদি দেবতার উপরেও কন্দর্প দর্প

করেন ৷ অতএব বিবেচনা করিয়া বুঝ পুরুষের মহত্ত্ব ও দর্প যে কিছু সকলি লক্ষ্মীর প্রসাদে হয় ৷ অতএব কহি এ রূপ যে ধন লক্ষ্মী তাহার অপব্যয় উপযুক্ত নয় ৷ ব্রাহ্মণের এই কথা শুনিয়া পরন্দর কহিল হে ব্রাহ্মণ শুন অবশ্য ভবিতব্য যত্ন ব্যতিরেকেও হয় নারিকেল ফলের জলের ন্যায় এবং অবশ্য গন্তব্য যে বস্তু সে যখন যায় কি রূপে যায় তাহা নিশ্চয় করিতে কেহ পারে না গজভুক্ত কপিত্থ ফলের শস্যের ন্যায় ৷ অতএব ধনকে যত্ন করিয়া রাখিলে কি হইবে ৷ এই রূপ ব্রাহ্মণের কথা না মানিয়া দিনে২ অপব্যয় করিয়া কিছু কালের পরে পুরন্দর অত্যন্ত নির্দ্ধন হইল যখন যাহার নিকটে যায় কেহ আদর করে না ৷ এই রূপ সর্ব্বত্র অমর্য্যাদা হওয়াতে পুরন্দর অত্যন্ত চিন্তাকুল হইয়া মনে বিচার করিলেন ব্যাঘ্রাদি হিংস্র জন্তুর বাস যে বনে তাদৃশ বনে বাস বৃক্ষ মূল গৃহ পত্র ফল আহার বৃক্ষের বল্কল পরিধান তৃণ শয্যা এ সকল ধনহীন লোকের বরং ভাল তথাপি ধন গর্ব্বিত বন্ধুরদের নিকটে বাস কখন ভাল নয় ৷৷

এই রূপ নানা প্রকার মনের মধ্যে চিন্তা করিয়া পুরন্দর দেশান্তর প্রস্থান করিলেন ৷ নানা দেশ ভ্রমণ করিতেই মলয় পর্ব্বতের নিকটে পীতপুর নামে পুরীতে উপস্থিত হইলেন ৷ সেই পুরীতে রাত্রিতে এক স্ত্রীর করুণাস্বরে রোদন শুনিলেন ৷ অনন্তর প্রাতঃকাল হইলে তৎপুরীস্থ লোকেরদিগকে জিজ্ঞাসা করিলেন কল্য রাত্রিতে তোমারদের নগরেতে কোন স্ত্রীলোক রোদন করিতেছিল ৷ গ্রামস্থলোকেরা

কহিল আমরাও এই রূপ প্রত্যহ রাত্রিকালে এক স্ত্রীলোকের রোদন শুনি কিন্তু সে কোন স্ত্রীলোক রোদন করে ইহা জানি না আমরা সকলে এই রোদন শুনিয়া অনিষ্ট শঙ্কা প্রযুক্ত সর্ব্বদা ব্যাকুল থাকি ॥

অনন্তর পুরন্দর কিছু দিনের পর স্বদেশে আসিয়া রাজা বিক্রমাদিত্যেকে ঐ সকল বৃত্তান্ত কহিলেন ৷ রাজা শুনিয়া কৌতুকাবিষ্ট চিত্ত হইয়া ঐ স্ত্রীলোকের রোদনের [illegible] জানিবার কারণ যোগ পাদুকারোহণ করিয়া পুরন্দরকে সঙ্গে লইয়া পীতপুরে আই[illegible] ৷ তৎপরে তথা আসিয়া অনুসন্ধান করিতে২ ঐ নগরের কিঞ্চিৎ দূরে এক নিবিড় বন ছিল সেই বনেতে ঐ স্ত্রীলোকের রোদনের অনুসন্ধান পাইলেন ৷ অনন্তর যে সময় ঐ স্ত্রীলোক রোদন করিল তৎকালে ঐ বনের মধ্যে খড়্গহস্ত হইয়া স্ত্রীর নিকটে উপস্থিত হইলেন ৷ তথা গিয়া দেখিলেন যে এক অত্যন্ত ভয়ঙ্করমূর্ত্তি রাক্ষস দয়ারহিত হইয়া এক অপূর্ব্ব সুন্দরী যুবতী স্ত্রীকে করাঘাতে তাড়ন করিতেছে ৷ রাজা বিক্রমাদিত্য ইহা দেখিয়া অতিশয় করুণাযুক্ত হইয়া রাক্ষসকে ভর্ৎসনা করিয়া কহিলেন রেরে দুষ্ট রাক্ষস অবলা স্ত্রীলোককে তাড়ন করিয়া কি তোর পুরুষার্থ হইতেছে যদি তোর সামর্থ্য থাকে আয় আমার সহিত যুদ্ধ কর ৷ রাজার এই স্পর্দ্ধা বাক্য শুনিয়া রাক্ষস অত্যন্ত ক্রোধাবিষ্টচিত্ত হইয়া রাজার সহিত যুদ্ধ করিতে উদ্যত হইল রাজা কিঞ্চিৎ কাল রাক্ষসের সহিত যুদ্ধ করিয়া খড়্গে রাক্ষসের মস্তক ছেদন করিয়া নষ্ট করিলেন ৷

অনন্তর ঐ স্ত্রী মৃত ব্যক্তি প্রাণ পাইলে যেমত সন্তুষ্ট হয় তদ্বৎ সন্তুষ্টা হইয়া রাজার সাক্ষাৎ আসিয়া কৃতাঞ্জলি হইয়া রাজাকে স্তব করিলেন হে মহারাজাধিরাজ সাত্ত্বিকস্বভাব গরুড় সর্পকে নষ্ট করিয়া সর্পমুখাপতিত ভেকীর প্রাণদান যেমত দেন তদ্বৎ আপনি রাক্ষসকে নষ্ট করিয়া আমার প্রাণ দান দিলেন । আমি ইহার প্রত্যুপকার তোমার কি করিব আমি নিঃসন্তান যদি সন্তান থাকিত তবে ভৃত্য করিয়া দিতাম । এই রূপ বিনয় বাক্য বলিয়া রাজার পদতলে পড়িলেন । অনন্তর উঠিয়া রাজাকে কহিলেন আজিঅবধি আপনি আমাকে আত্মদাসীর ন্যায় জানুন/ নব শত স্বর্ণ কলস পূরিত সুবর্ণ আমার আছে সে সকল ধন আপনি আপনার জানুন । রাজা এই রূপ স্ত্রীর বিনয় বাক্য শুনিয়া তাহার বাক্য স্বীকার করিয়া ও স্ত্রীর যত ধন সে সকল ধন এবং এ স্ত্রীকে ও পুরন্দরকে দিয়া ঐ স্থানে পুরন্দরকে স্থাপিত করিয়া যোগপাদুকা আরোহণ করিয়া স্বস্থানে আইলেন ॥

এই কথা একাদশীপুত্তলিকা ভোজরাজকে শুনাইয়া কহিলেন হে ভোজ রাজ রাজা বিক্রমাদিত্যের পুরুষার্থ শুনিলা যদি তোমাতে এতাদৃশ পুরুষার্থ থাকে আস সিংহাসনে বস । ভোজরাজ এই বাক্য শুনিয়া তদ্দিবসে ক্ষান্ত হইলেন ।

॥ ইতি একাদশী কথা সমাপ্তা ॥

॥ অষ্টাবিংশতি পুত্তলিকার কথা ॥

অষ্টাবিংশতি পুত্তলিকা শ্রীভোজরাজকে সিংহাসনাধিরোহণ নিবারণার্থে শ্রীবিক্রমাদিত্যের গুণাখ্যান করিল ৷ হে ভোজরাজ শুন ॥

এক দিবস সামুদ্রক শাস্ত্র তত্ত্ববেত্তা এক পণ্ডিত পথিশ্রান্ত হইয়া শ্রম নিবারণার্থ নগর প্রান্তে বৃক্ষ মূলে বসিয়াছেন ঐ পণ্ডিত সকল স্ত্রী পুরুষের অঙ্গ চিহ্ন দ্বারা সামুদ্রক শাস্ত্রের যথার্থ জ্ঞান বলে যখন যে শুভাশুভ হইবে তাহা জানিতে পারেন ঐ পণ্ডিত তথাতে ধূলির উপরে এক পুরুষের পদ্মাকার চিহ্ন বিশিষ্ট পাদচিহ্ন দেখিয়া মনোমধ্যে বিচার করিলেন যে পুরুষের চরণ পদ্মাঙ্কিত হয় সে অবশ্য মহারাজ হয় অতএব এই পদচিহ্ন যে পুরুষের সে অবশ্য মহারাজ বটে কিন্তু যদি মহারাজ বটে তবে কেন পাদচারে নগর প্রান্ত গমন করিবে এই সন্দেহেতে ব্যাকুলচিত্ত হইয়া বসিয়াছেন ৷ ইতি মধ্যে এক সুদরিদ্র মস্তকোপরি কাষ্ঠভার লইয়া ঐ পথে চলিয়া গেল ঐ দরিদ্রের পদচিহ্ন আর পূর্ব্ব দৃষ্ট পদচিহ্ন এই দুই পদচিহ্ন সমানাকার প্রকার দেখিয়া পণ্ডিত নিশ্চয় করিলেন এই পুরুষের এই দুই পদচিহ্ন ইহাতে কোনহ সন্দেহ নাহি কিন্তু এ কি আশ্চর্য্য যাহার পদেতে এপদচিহ্ন সে এতাদৃশ দরিদ্র ৷ এই ভাবনাতে বিষন্নবদন হইয়া পণ্ডিত বসিয়াছেন ইতি মধ্যে শ্রীবিক্রমাদিত্য তথা উপস্থিত হইলেন পণ্ডিতকে বিষন্নবদন

দেখিয়া জিজ্ঞাসিলেন হে ব্রাহ্মণ তুমি কে, এখানে কেন বসিয়াছ বিষন্নবদন বা কেন ৷ পণ্ডিত কহিলেন আমি সামুদ্রিক শাস্ত্র ব্যবসায়ী পণ্ডিত পথিশ্রান্ত হইয়া বসিয়াছি কিন্তু পদ্মাঙ্কিত দক্ষিণ চরণ এক পুরুষকে অত্যন্ত দরিদ্র দেখিয়া শাস্ত্রার্থ বিসম্বাদ প্রযুক্ত ভাবিত হইয়াছি ৷৷

রাজা পণ্ডিতের এই বাক্য শুনিয়া কিছু উত্তর না করিয়া স্ববাটীতে আসিয়া পণ্ডিতগণ লইয়া সভামধ্যে বসিয়া দূত দ্বারা ঐ পণ্ডিতকে আনাইয়া জিজ্ঞাসা করিলেন হে পণ্ডিত পদ্মাঙ্কিত চরণ যে পুরুষকে তুমি দরিদ্র দেখিয়াছ সে পুরুষ কোথা আছে ৷ পণ্ডিত কহিলেন সে পুরুষ কাষ্ঠভার লইয়া এই নগরীর মধ্যে প্রবিষ্ট হইয়াছে অতএব বুঝি এই নগরীর মধ্যে থাকিবে ৷ রাজা কহিলেন তাঁর কি নাম ৷ পণ্ডিত কহিলেন তাহার নাম জানি না কিন্তু তাহার আকার প্রকার এই রূপ ৷ রাজা পণ্ডিতের এ বাক্য শুনিয়া দূত দ্বারা অন্বেষণ করিয়া ঐ পুরুষকে স্বসাক্ষাৎ আনাইলে পণ্ডিত যে রূপ কহিয়াছিলেন সেই রূপ প্রত্যক্ষতো দেখিয়া রাজা পণ্ডিতকে কহিলেন হে পণ্ডিত সামান্য বিশেষ ন্যায় ব্যতিরেকে শাস্ত্রার্থাবধারণ হইতে পারে না অতএব তুমি বিলক্ষণ রূপে শাস্ত্রার্থানুসন্ধান করিয়া বুঝ এ পুরুষের কোনহ প্রবল কুলক্ষণ অবশ্য আছে যৎপ্রযুক্ত এ সুলক্ষণের ফল হইতে পারে নাহি ৷ রাজার এই বাক্য শুনিয়া শাস্ত্রার্থানুসন্ধান করিয়া কহিলেন হে মহারাজ পদ্মাদি লক্ষণ থাকিলে রাজা অবশ্য হয় এ সামান্য শাস্ত্র তালুমূলাদিতে কাকপদ

চিহ্নাদি থাকিলে নানা প্রকার রাজলক্ষ্মাকেও নিরর্থক করিয়া পুরুষকে দরিদ্র করে এই বিশেষ শাস্ত্র ॥

রাজা পণ্ডিতের এই বাক্য শুনিয়া ঐ দরিদ্র পুরুষের তালুমূলেতে কোন উপায়ে কাকপদচিহ্ন প্রত্যক্ষতো দেখিয়া সেই পুরুষকে বিদায় করিয়া পণ্ডিতকে কহিলেন হে পণ্ডিত বুঝিলাম তুমি সামুদ্রক শাস্ত্রার্থ তত্ত্ববেত্তা বট কহ আমার শরীরে কোথা কি রাজলক্ষণ আছে ৷ পণ্ডিত রাজার অঙ্গাবলোকন পুনঃপুনঃ করিয়া কহিলেন হে মহারাজ তোমার শরীরে কোনহ রাজচিহ্ন দেখিতে পাই না ৷ রাজা কহিলেন হে পণ্ডিত শাস্ত্রার্থ বিবেচনা করিয়া বুঝহ ইহার কি বিশেষ আছে ৷ পণ্ডিত কহিলেন হে মহারাজ যদি কোন পুরুষের শরীরে ব্যক্ত সুলক্ষণ না থাকে কিম্বা ব্যক্ত কুলক্ষণ থাকে কিন্তু বামপার্শ্বে শরীরাভ্যন্তরে কর্পূরমন্ত্র জাল নামে চিহ্ন থাকে তবে সে পুরুষের শাস্ত্রোক্ত কুলক্ষণ ও সুলক্ষণাভাবের ফল না হইয়া সকল সুলক্ষণের ফল হয় অতএব বুঝি আপনকার শরীরাভ্যন্তরে কর্পূর মন্ত্র জাল নামে চিহ্ন থাকিবে ৷ রাজা এই কথা শ্রবণ করিয়া শাস্ত্রার্থ প্রত্যক্ষ কারণ ক্ষুর হস্তে লইয়া বামপার্শ্ব বিদারণ করিতে উদ্যত হবামাত্রে পণ্ডিত রাজার কর ধরিয়া কহিলেন হে মহারাজ এতাদৃশ সাহস করা উপযুক্ত নয় অতীন্দ্রিয় যাবদ্বস্তু কার্য্যদ্বারাই প্রত্যক্ষ হয় যেমত ঈশ্বর যে এক বস্তু আছেন তিনি কার প্রত্যক্ষ কিন্তু সংসার রূপ কার্য্যদ্বারা সকলেরি প্রত্যক্ষবৎ প্রমাণ সিদ্ধ হইয়াছেন ৷ তোমার ও যাবৎ সুলক্ষণের ফল সকলেরি

প্রত্যক্ষ সিদ্ধ বটে অতএব আপনকার বামপার্শ্বে কর্ব্বুর মন্ত্র জাল নামে চিহ্ন অবশ্য আছে শরীর বিদারণ করিয়া তৎ প্রত্যক্ষ কি প্রয়োজন ৷ পণ্ডিতের এই বাক্য শুনিয়া শাস্ত্রার্থ সংশয় কর্ত্তব্য নয় ইহা বুঝিয়া কুক্ষি বিদারণ না করিয়া পণ্ডিতকে নানাবিধ পারিতোষিক দ্রব্য প্রদান করিয়া বিদায় করিলেন ৷৷

অষ্টাবিংশ পুত্তলিকা কহিল হে ভোজরাজ এতাদৃশ সাহসশালী যে রাজা হয় সে এ সিংহাসনে বসিবার উপযুক্ত ৷৷ শ্রীভোজরাজ এই কথা শুনিয়া তদ্দিবসে ক্ষান্ত হইলেন ৷৷

৷৷ ইত্যষ্টাবিংশতি কথা ৷৷

৷৷ ঊনত্রিংশ পুত্তলিকার কথা ৷৷

অপর এক দিবস অভিষেকার্থ সিংহাসন নিকটোপস্থিত শ্রীভোজরাজকে দেখিয়া ঊনত্রিংশ পুত্তলিকা কহিল হে ভোজরাজ এ সিংহাসনে শ্রীবিক্রমাদিত্য রাজা বসিতেন তাঁহার কিঞ্চিৎ ইতিহাস কহি শুন ৷৷

এক দিবস এক বৈতালিক রাজা বিক্রমাদিত্যের দ্বারে উপস্থিত হইয়া দ্বারিকে কহিলেন হে দ্বারি মহারাজাধিরাজ শ্রীবিক্রমাদিত্যের কীর্ত্তি শ্রবণ করিয়া অনেক দূর দেশহইতে রাজসাক্ষাৎকার কারণ

আসিয়াছি রাজার সাক্ষাৎ নিবেদন কর ৷ দ্বারি বৈতালিকের এই বাক্য শ্রবণ করিয়া রাজনিবেদকের সাক্ষাৎ নিবেদন করিল ৷ রাজনিবেদক রাজার সাক্ষাৎ নিবেদন করিয়া অনুমত্যনুসারে বৈতালিককে রাজসাক্ষাৎ আনিতে দ্বারপালকে আজ্ঞা দিলেন ৷ বৈতালিক শত২ স্বর্ণযাষ্টিক কর্ত্তৃক সাবধানী কৃত হইয়া রাজসভা প্রান্তে উপস্থিত হইয়া রাজসভা বিন্যাস পরিপাটীকৃত শোভাবলোকন করিতে লাগিলেন৷ বিবেচনা বিচক্ষণ শত২ ধীসচিব ও কর্ম্মসচিব নানা বিদ্যা বিখ্যাত কালিদাসাদি পণ্ডিত বর্গবেষ্টিত৷ শ্বেতচামর বীজিত বিবিধ রত্ন খচিত স্বর্ণ রাজদণ্ড শ্বেতচ্ছত্রোপসেবিত এতৎ সিংহাসনোপরিস্থিত মহারাজাধিরাজ শ্রীবিক্রমাদিত্যেকে অবলোকন করিয়া কৃতাঞ্জলিপুটে বৈতালিক নিবেদন করিলেন হে মহারাজাধিরাজ আপনি যদি মন্ত্রি প্রভৃতিরদের সঙ্গে সাবধান পূর্ব্বক অবলোকন করেন তবে আমি অপূর্ব্ব এক কৌতুক দেখাই ৷ বৈতালিকের এই বাক্য শ্রবণ করিয়া রাজা তদ্বিষয়ে আজ্ঞা দিলেন ৷৷

বৈতালিক রাজাজ্ঞা পাবামাত্রে এক হস্তে খড়্গ অপর হস্তে অপূর্ব্ব সুন্দরী এক যুবতী স্ত্রীর কর গ্রহণ করিয়া এক পুরুষ রাজার সাক্ষাৎ হঠাৎ উপস্থিত হইয়া কহিলেন হে মহারাজাধিরাজ এ সংসারের মধ্যে কেহো বলেন বিদ্যা সার বস্তু কিন্তু সে কথা আমার মনে লয় না আমার মনে এই লয় অপূর্ব্ব সুন্দরী যুবতী স্ত্রী ও সম্পত্তি বাহুল্য এই দুই সার অতএব হে মহারাজ এই দুই বস্তু পরহস্তগত কখন করিবে

না কিন্তু অদ্য নভোমণ্ডলে দেবদানবের যুদ্ধ হইবে সে যুদ্ধে ইন্দ্রের সাহায্য কারণ আমাকে যাইতে হইবে ইনি আমার স্ত্রী প্রাণাধিক প্রেয়সী স্ত্রী সমভিব্যাহারে যুদ্ধ স্থানে যাবা উপযুক্ত নয় ৷ অন্যের নিকটে এই স্ত্রীকে রাখিয়া যাইতে বিশ্বাস হয় না অতএব মহারাজা ধিরাজ পরম ধার্ম্মিক স্বজনের প্রায় পরজন রক্ষক জিতেন্দ্রিয় পরম সাত্বিক জানিয়া আপনকার নিকটে এই স্ত্রীকে রাখিয়া আমি যুদ্ধ স্থানে প্রস্থান করিব ৷ এই বাঞ্ছা করিয়াছি আপনি নানা প্রকারে পরোপকার করিতেছেন আমার আগমন পর্য্যন্ত পরম যত্নে এই স্ত্রীকে সংরক্ষণ করিয়া আমার উপকার করুন ৷৷

ঐ পুরুষের এই বাক্য রাজা স্বীকার করিলেন তদনন্তর রাজার নিকটে আপন স্ত্রীকে রাখিয়া রাজসাক্ষাৎহইতে বিদায় হইয়া সকলের সাক্ষাৎকারে সভাস্থানহইতে আকাশ পথে গমন করিলেন ৷ ঐ পুরুষ অদৃষ্ট হবাপর্য্যন্ত মহারাজ ও সভাস্থ যাবল্লোক অত্যন্ত আশ্চর্য্য মানিয়া ঊর্দ্ধদৃষ্টি হইয়া থাকিলেন ৷ ঐ পুরুষ সকলের অদৃষ্ট হইলে পর কিঞ্চিৎকালানন্তর যোদ্ধারদের সিংহনাদে গগণমণ্ডল পরিপূর্ণ প্রায় হইল ৷ ঐ শব্দ শুনিয়া রাজা ও সভাস্থ যাবল্লোক পুত্তলিকা প্রায় বিস্ময়াপন্ন হইয়াছেন ইতি মধ্যে ঐ পুরুষের ছিন্ন হস্তদ্বয় রাজ সভাগ্রে পড়িল অনন্তর ছিন্নচরণদ্বয় পড়িল তদনন্তর কিঞ্চিদ্বিলম্বে ঐ পুরুষের মস্তক ছিন্ন হইয়া পড়িল ইহাতে ঐ পুরুষের স্ত্রী আত্মস্বামির ছিন্ন মস্তক দেখিয়া অনেক প্রকার বিলাপ করিয়া রাজাকে নিবেদন

করিলেন। হে মহারাজ যেমন চন্দ্রের চন্দ্রিকা চন্দ্রের সহিত লীনা হয় আর যেমন মেঘের তড়িৎ মেঘের সহিত লুপ্তা হয় তদ্বৎ স্বামির সহিত ভার্য্যার সহগমন করা পরম ধর্ম্ম অতএব আমি আপন স্বামির সহগামিনী হইব চিতাদি সংযোগ করিয়া দিতে আজ্ঞা হওঁক॥

এই বাক্য শ্রবণ করিয়া অত্যন্ত করুণার্দ্রিতচিত্ত হইয়া কহিলেন হে পতিব্রতা জীবলোকের সম্বন্ধ জীবনাবধি যাবৎ তোমার স্বামী জীবনাব স্থাতে ছিলেন তাবৎ পর্য্যন্তই তোমার স্বামী এখন তাহার সহিত তোমার সম্বন্ধ বা কি নিঃসম্বন্ধ লোকের কারণ দেহ ত্যাগ করা কোন ধর্ম্ম অতএব সংপ্রতি তোমার এই কর্ত্তব্য যদি তোমার বিষয় বাসনা না থাকে তবে ব্রহ্মচর্য্য ধর্ম্মাশ্রয় করিয়া ঈশ্বরের ভজন কর যদি ভোগাভি লাষ থাকে যে সৎপুরুষ তোমার মনে লয় তাহাকে স্বামিভাবে উপগতা হইয়া পরমানন্দে সুখভোগ কর প্রচুর ধন আমি দিতেছি কোন প্রকারে কখন দুঃখ পাইবা না॥

রাজার এই বাক্য শুনিয়া ঐ পতিব্রতা কহিলেন হে মহারাজ আপনি সাক্ষাদ্ধর্ম্মাবতার অতএব আপনকার ধর্ম্ম সংস্থাপনই কর্ত্তব্য স্বাভাবিক কামকার ত্যাগ পূর্ব্বক ব্রহ্মচর্য্যাচরণ করিতে পারিলেও পতিব্রতা ধর্ম্ম রক্ষা হয় বটে কিন্তু এই মনুষ্য শরীরে কামাদি প্রবল শত্রু বিবেকাদি সদ্বিদ্যাভ্যাসাদি যত্ন সাধ্য অস্থির অতএব শাস্ত্র সিদ্ধ বৈধব্য ধর্ম্ম রক্ষা অতিকৃচ্ছ্র সাধ্য। বৈধব্য ধর্ম্ম স্খলন সহজ এবং যেমন স্বাম্যুপার্জ্জিত ধনাদিতে ভার্য্যার স্বত্ব তদ্বৎ স্বামি মরণেতে ভার্য্যার মরণ

এবং হে মহারাজ বিবাহ কালে অগ্নি সাক্ষাৎকারে বেদমন্ত্রোচ্চারণ পূর্ব্বক ভার্য্যার স্বামী শরীরাভেদ এই প্রতিজ্ঞা করণে বিবাহ সিদ্ধি এবং পুরুষের শক্তি রূপা স্ত্রী পুরুষ শক্তি ব্যতিরেকেও থাকেন কিন্তু শক্তি পুরুষ ব্যতিরেকে কদাচ থাকেন না ৷ ইহার দৃষ্টান্ত এই মণিমন্ত্র মহৌষধাদি সহকৃত বহ্নি স্বীয় দাহিকাশক্তি ব্যতিরেকে থাকেন কিন্তু দাহিকাশক্তি-বহ্নি ব্যতিরেকে কখন.থাকেন না এবং হে মহারাজ লোকেতেও প্রসিদ্ধ আছে যে যদর্থ প্রাণ ত্যাগ করে তাহার সহিত তাহার প্রীতির আত্যন্তি কতা অতএব মহারাজ লোকতঃ শাস্ত্রতো ন্যায়ত অবশ্য কর্ত্তব্য যে কর্ম্ম তাহাতে মহারাজ বারণ করেন কি বিবেচনাতে যাহার যে বিষয়ে মন একাগ্র হয় তাহাতে অন্যের বারণ বৃথা হয় ৷ যেমন নীচাভিমুখ প্রবল জল প্রবাহ বারণার্থ ব্যাপার নিষ্ফল হয় ৷৷

মহারাজ এই বাক্যে ঐ স্ত্রীর সহমরণার্থে নিশ্চয় বুঝিয়া কহিলেন হে পতিব্রতা তুমি যে সকল বাক্য কহিলা এ সকল প্রমাণ বটে আমি যে অপ্রামাণিক বাক্য সকল কহিয়াছি সে কেবল তোমার দৃঢ়তা বুঝিবার কারণ ৷ রাজা পতিব্রতাকে এই কথা কহিয়া চিতাদি করণার্থ আজ্ঞা দিলেন সেই স্ত্রী নিদাঘ কালে গ্রীষ্মোত্তপ্ত জন যেমন সুশীতল জল মধ্যে প্রবেশ করে তদ্বৎ স্বামির উদ্দেশে দোদূয়মান চিতাগ্নিকুণ্ডে প্রবেশ করিলেন ৷

অনন্তর সভাস্থ যাবল্লোক সহিত রাজা ঐ স্ত্রীর পাতিব্রত্য ধর্ম্ম নিষ্ঠার প্রশংসা করিতেছেন ইত্যবসরে ঐ স্ত্রীর স্বামী ঐ পুরুষ যুদ্ধেতে

ক্ষতবিক্ষতাঙ্গ রুধিরধারা পরিবৃতাঙ্গ হইয়া সভামধ্যে উপস্থিত হইলেন। রাজা ও সভ্যলোকেরা ঐ পুরুষকে দেখিয়া অত্যন্ত বিস্ময়াপন্ন হইয়া পরস্পরাবলোকন করিতে লাগিলেন। ঐ পুরুষ রাজাকে কহিলেন হে মহারাজ যদর্থে গিয়াছিলাম তাহাতে কৃতকার্য্য হইয়া এবং লব্ধ প্রতিষ্ঠ হইয়া আইলাম সম্প্রতি আমার ভার্য্যাকে দিতে আজ্ঞা হউক স্বদেশে গমন করি। রাজা এই বাক্য শ্রবণ করিয়া কি উত্তর করিবেন তাহা ভাবিয়া স্থির করিতে পারেন না স্থির করিতে না পারিয়া মন্ত্রি রূদের মুখাবলোকন করিতে লাগিলেন। মন্ত্রি বর্গেরা রাজার অভিপ্রায় বুঝিয়া ঐ পুরুষকে কহিলেন হে বীরশ্রেষ্ঠ তোমার এ স্থান হইতে গমনের কিঞ্চিৎ কালের পর তোমার মস্তকের ন্যায় এক মস্তক আমারদিগের সাক্ষাৎ এই স্থানে পড়িল। তোমার স্ত্রী সেই ছিন্ন মস্তক দেখিয়া নানা প্রকার বিলাপ করিয়া মহারাজের বারণ না শুনিয়া সহমরণ করিয়াছেন চিতাভূমি প্রত্যক্ষ দেখগিয়া॥

ঐ পুরুষ মন্ত্রিরদের এই বাক্য শুনিয়া কিঞ্চিৎ কালে মৌনাবলম্বন করিয়া দীর্ঘতর নিশ্বাস ত্যাগ করিয়া রাজাকে কহিলেন হে মহারাজ ত্রিভুবনের লোকেরা আপনকার পরমধার্ম্মিকতাদি গুণ প্রশংসা যত করে সে সকল কি আমার অদৃষ্ট দোষে মিথ্যা হইল তবে যদি মহারাজ আমার ভার্য্যা আমার অত্যন্ত প্রেয়সী ইহা জানিয়া কৌতুক করেন তবে সে কৌতুক কর্ত্তব্য নহে আমি অনেক ক্ষণ অবধি আপন প্রেয়সীকে না দেখিয়া অত্যন্ত ব্যাকুলচিত্ত হইয়াছি। রাজা এই বাক্য শুনিয়া

॥ চতুর কথা পুরুষপরীক্ষে সংগ্রহহইতে ॥

॥ অথ দয়াবীর কথা ॥

দয়ালু যে পুরুষ তিনি সকলের শ্রেষ্ঠ এবং সকল জীবের উপকারক তাঁহার নাম কীর্ত্তন করিলে সর্ব্বত্র মঙ্গল হয় ৷ তাহার বিবরণ এই ॥

কালিন্দী নদীতীরে যোগিনীপুর নামে এক নগর তাহাতে অল্লাবুদ্দীন নামে এক যবনরাজ ছিল সে এক সময় কোনহ কারণে মহিমাসাহ নামে আপন সেনাপতির প্রতি ক্রুদ্ধ হইল ৷ মহিমাসাহ কুপিত প্রভুকে প্রাণগ্রাহক জানিয়া এই চিন্তা করিল যে সক্রোধ নরপতিতে বিশ্বাস কর্ত্তব্য নহে ৷ তাহা পণ্ডিতেরা কহিয়াছেন রাজা এবং সূচক ও সর্প ইহারা কখন বিশ্বাসযোগ্য হয় না যে হেতুক সম্ভ্রম দর্শন করাইয়া নষ্ট করে তাহা পূর্ব্বে অনুভব করা যায় না অতএব যাবৎআমি বদ্ধ না হই তাহার মধ্যে সম্প্রতি কোন স্থানে গিয়া আত্ম প্রাণ রক্ষা করি এই বিবেচনা করিয়া নিজ পরিবারের সহিত পলায়ন করিল এবং পলায়ন করত এই বিবেচনা করিল যে আমার পরিজনের দূর গমনে সাধ্য হইবে না এবং পরিজন ত্যাগ করিয়া পলায়ন করা অকর্ত্তব্য ৷ তাহা পণ্ডিতেরা কহিয়াছেন যে লোক নিজ কুল ত্যাগ করিয়া আত্ম প্রাণ রক্ষার্থে অতি দূরে পলায়ন করে সে স্বজনত্যাগী

পরলোক গত প্রায় হয় তাহার জীবনেই বা কি প্রয়োজন অতএব এই স্থানে হম্বীরদেব নামা রাজা দয়াবীর আছেন তাঁহার আশ্রয়ে থাকি এই পরামর্শ করিয়া যবন সেনাপতি রাজা হম্বীরদেবের নিকটে গিয়া নিবেদন করিল হে মহারাজ বিনাপরাধে আমাকে নষ্ট করিতে উদ্যত যে প্রভু তাঁহার ত্রাসেতে আমি তোমার শরণাপন্ন হইলাম যদি আমাকে রক্ষা করিতে পারহ তবে আশ্বাস দান কর নতুবা এখানহইতে অন্যত্র গমন করি ৷ রাজা হম্বীরদেব ইহা শুনিয়া কহিলেন রে যবন তুমি আমার শরণাগত আমি জীবদ্দশায় থাকিতে তোমাকে যম ও পরাভব করিতে পারিবেন না যবনরাজ কোন তুচ্ছ হইবে অতএব এখানে নির্ভয়ে অবস্থিতি করহ ৷ মহিমাসাহ রাজার অভয়বাক্যেতে রণস্তম্ভন নামে দুর্গেতে নিঃশঙ্ক হইয়া বাস করিতে লাগিল ॥

তদনন্তর যবনরাজ মহিমাসাহ ঐ দুর্গে আছে ইহা জানিয়া হম্বীরদেব রাজার প্রতি ক্রুদ্ধ হইয়া হস্তী ও অশ্ব এবং পদাতিবৃন্দদিগের পাদাঘাতে পৃথিবীকে কম্পায়মানা করত এবং বাহনসমূহের কোলাহলেতে দিকস্থ লোক সকলকে বধির করত এক দিবসে তাবদ্বর্ত্মোল্লঙ্ঘন করিয়া হম্বীরদেব রাজার দুর্গদ্বারে আসিয়া প্রলয়কালের মেঘের বৃষ্টির ন্যায় বাণ বর্ষণ করিলেন ৷ হম্বীরদেব রাজা গম্ভীর পরিখাযুক্ত চতুর্দ্দিক এবং নাগদন্ত সহিত প্রাচীরযুক্ত ও পতাকাতে শোভিত দ্বার সকল এই মত দুর্গ প্রস্তুত করিয়া শ্রবণাসহ এমত ধনুর্গুণের শব্দপূর্ব্বক বাণ নিঃক্ষেপদ্বারা গগণমণ্ডল পর্য্যন্ত অন্ধকার করিলেন ৷ প্রথম

যুদ্ধের পর যবনরাজ রাজা হম্বীরদেবের নিকটে দূত প্রেরণ করিলেন। দূত হম্বীরদেবের নিকটে গিয়া কহিল রাজন্ শ্রীযুক্ত যবনেশ্বর তোমাকে এই আজ্ঞা করিতেছেন যে আমার অপ্রিয় কার্য্যকারক মহিমাসাহকে ছাড়িয়া দেও যদি না দেও তবে আগামি প্রভাতে তোমার দুর্গ চূর্ণ করিয়া মহিমাসাহের সহিত তোমাকে যমালয় প্রস্থান করাইব। রাজা হম্বীদেব ইহা শুনিয়া কহিলেন রে দূত আমি এ কথার উত্তর তোরে কি দিব তোর প্রভুকে খড়্গধারদ্বারা ইহার উত্তর দিব কেবল বাক্যেতে উত্তর করিব না শুন আমার শরণাগত লোককে যমও শত্রুভাবে দর্শন করিতে পারেন না যবনরাজ কি করিতে পারিবে। অনন্তর তিরস্কৃত দূত নিকটাগত হইলে যবনাধিপতি উন্মান্বিত হইয়া পুনর্ব্বার যুদ্ধারম্ভ করিল॥

পরে উভয় সৈন্যের সংগ্রামে কোন২ বীর সম্মুখ যুদ্ধ করিতেছে কেহ২ পলায়ন করিতেছে কেহ২ বা নষ্ট হইতেছে কোন২ যোদ্ধারা বৈরি সংহার করিতেছে। এতদ্রূপে তিন বৎসর পর্য্যন্ত প্রতিদিন সংগ্রাম হইল। যবনরাজ অর্দ্ধাবশিষ্ট সৈন্য হইয়া এবং দুর্গ গ্রহণে অসমর্থ হইয়া নিজ নগরে গমনোদ্যোগী হইলেন। সেই সময়ে রায়মল্ল এবং রায়পাল নামে হম্বীরদেব রাজার দুই দুষ্ট মন্ত্রী যবনেশ্বরের নিকটে গিয়া এক বাক্য হইয়া কহিল হে যবনাধীশ আপনি কোন স্থানে যাইবেন না আমারদের দুর্গে দুর্ভিক্ষোপস্থিতি হইয়াছে আমরা দুই জন দুর্গের তথ্য সম্বাদ আনি কল্য কিম্বা পরশ্ব তোমার দুর্গ

গ্রহণ যাহাতে হয় তাহা করিব ৷ যবনরাজ ইহা শুনিয়া ঐ দুই মন্ত্রীকে পুরস্কার করিয়া দুর্গ দ্বার রোধ করিল ॥

রাজা হম্বীরদেব অত্যন্ত বিপদ্ দেখিয়া আপনার সৈন্যগণকে কহিলেন অরে যাত্রদেশ সম্ভূত যোদ্ধা সকল আমি পরিমিত সৈন্য করণক প্রচুর সেনাযুক্ত যবনেশ্বরের সহিত কি রূপে যুদ্ধ করিব এবং যুদ্ধনীতিজ্ঞ ব্যক্তিরও ইহা সম্মত নহে অতএব তোমরা দুর্গহইতে দূরে যাও ৷ যোদ্ধারা নিবেদন করিল হে মহারাজ তুমি করুণাপ্রযুক্ত যবনানুরোধে যুদ্ধে আপনার মরণ স্বীকার করিতেছ আমরা তোমার জীবনানুগত সম্প্রতি এতাদৃশ উত্তম স্বামী যে তুমি তোমাকে ত্যাগ করিয়া কেন কাপুরুষের পথে গমন করিব এ অকর্ত্তব্য যবনরাজ অতি ক্ষুদ্র ইহাকে স্থানান্তরে পাঠাইব তাহাতেই আশ্রিতেরদিগের রক্ষা হইবে অতএব এই আরম্ভই রক্ষণীয় লোকের রক্ষার নিমিত্তে হউক ॥

পশ্চাৎ যবন সেনাপতি কহিল হে মহারাজ আমি বিদেশীয় এক সামান্য লোক আমার রক্ষার নিমিত্তে কেন স্ত্রী এবং পুত্র ও রাজ্য, আর আত্ম প্রাণ নষ্ট করিয়া আমাকে ত্যাগ করহ ৷ হম্বীরদেব রাজা কহিলেন হে মহিমাসাহ তুমি আমাকে এ কথা কহিও না নশ্বর যে ভৌতিক শরীর তাহাতে যদি চিরস্থায়ি যশোলভ্য হয় তবে কোন জন তাহা ত্যাগ করিতে বাসনা করে যদি তুমি আমার কথা মান্য কর তবে তোমাকে নির্ভয় স্থানে পাঠাইতে পারি ৷ যবন সেনাপতি উত্তর করিল যে আপনি আমাকে এ প্রকার আজ্ঞা করিবেন না আমি

সর্ব্বাগ্রে বিপক্ষের মস্তকে খড়্গ প্রহার করিব কিন্তু স্ত্রী লোকেরদিগকে দুর্গের বাহির করুন ৷ স্ত্রী সকল প্রত্যুত্তর করিলেন আমারদের স্বামী শরণাগত লোকের রক্ষার নিমিত্তে স্বর্গ যাত্রা করিতে প্রবৃত্ত হইতেছেন আমরা তাঁহা ব্যতিরেকে কি প্রকারে পৃথিবীতে থাকিব যেমত লতা সকল বৃক্ষ ব্যতিরেকে অবস্থিতি করে না সেই রূপ স্ত্রী লোক পতি ব্যতিরেকে জীবদ্দশায় থাকিবে না সংসারের মধ্যে সাধ্বী স্ত্রীরদিগের প্রাণ স্বামীর জীবনানুগত হয় তন্নিমিত্তে আমরা বীরপত্নীর উপযুক্ত কার্য্য যে অগ্নি প্রবেশ তাহাই করিব যে হেতুক হম্বীরদেব রাজার পরার্থে প্রাণ ত্যাগ স্বীকৃত হইয়াছে এবং বীরগণের সংগ্রাম অঙ্গীকৃত হইয়াছে তদ্রূপ যোষিদ্বর্গেরও অগ্নি প্রবেশ অভিমত হইয়াছে ৷৷

অনন্তর প্রভাতে উপস্থিত যুদ্ধে রাজা হম্বীরদেব সন্নাহযুক্ত হইয়া হস্তীতে আরোহণ করিয়া উত্তম যোদ্ধাগণের সহিত মিলিত হইয়া পরাক্রম করত দুর্গহইতে বহির্গমন করিলেন ৷ পরে খড়্গ প্রহারে বিপক্ষের সৈন্য এবং হস্তী ও অশ্বসমূহকে নিপাত করিয়া এবং পদাতিরদিগকে সংহার করিয়া সেনাগণকে ভয়প্রদর্শন পূর্ব্বক কবন্ধবর্গকে নৃত্য করাইলেন এবং রুধিরধারা প্রবাহেতে পৃথিবী ভূষিতা করিয়া এবং বাণেতে বিক্ষতশরীর হইয়া সম্মুখ যুদ্ধে হস্তী পৃষ্ঠহইতে ভূমিতে পড়িলেন এবং শরীর ত্যাগ করিয়া তৎক্ষণাৎ সূর্য্য মণ্ডলে লীন হইলেন ৷ সেই কালে পণ্ডিতেরা কহিলেন যে উত্তম প্রসাদ ও অনুপম গুণারশীভূতা যুবতি স্ত্রী আর বংশ সম্পত্তি সহিত রাজা ইহার এক বস্তুও কেহ ত্যাগ

করিতে পারে না রাজা হম্বীরদেব এই সকল সামগ্রী পরিত্যাগ করিয়া শরণাগত লোকের রক্ষার নিমিত্তে রণে পতিত হইলেন ॥

॥ ইতি দয়াবীরের কথা সমাপ্তা ॥

॥ অথ সত্যবীরের কথা ॥

কলিকালে লোক সকল কামাদিতে মগ্ন হইয়া মিথ্যাবাদী হইবেন কিন্তু সত্যবীরের কথা শ্রবণ করিয়া সকল পাপ হইতে মুক্ত হইবেন ॥

পূর্ব্ব কালে হস্তিনানগরে মহামল্ল নামে এক যবন রাজ ছিলেন তিনি সমুদ্র পর্য্যন্ত ভূমণ্ডল শাসন করিয়া রাজ্য করেন ৷ মহামল্লের ঐশ্বর্য্যাসহন শীলি কাফররাজ সৈন্যসমূহেতে বেষ্টিত হইয়া মহামল্লের সহিত যুদ্ধ করিতে তাঁহার নিকটে গেলেন ৷ যবনেশ্বর কাফররাজকে নিকটোপস্থিত জানিয়া বাহ্লীক দেশজ এবং অন্যদেশীয় লক্ষ ২ অশ্বোত্তমেতে পরিবৃত্ত হইয়া নগরোপান্তে গিয়া সমর স্বীকার করিলেন ৷ তদনন্তর উভয় পক্ষের যুদ্ধে যবনরাজের যোদ্ধা সকল কাফররাজের বলবান বীরগণকর্ত্তৃক ভাজ্যমান হইয়া রণভূমি হইতে পলায়ন করিল ৷ পশ্চাৎ যেমত সিংহ ভয়েতে হস্তীযূথ পলায়ন করে সেই প্রকার মরণ ভয়ে পলায়মান নিজ যোদ্ধাগণকে দেখিয়া যবনেশ্বর কহিতেছেন হে আমার যোদ্ধা সকল তোমারদের মধ্যে রাজা কিম্বা রাজপুত্র এমত কেহ নাহি যে সম্প্রতি অরিভয়েতে ভগ্ন আমার সেনাগণকে নিজ

বাহুবলে কিঞ্চিৎ কালের নিমিত্তে স্থির করিতে পারে ৷ যবনস্বামির এই বাক্য শুনিয়া কাঁটজাতি নরসিংহদেব নামা রাজকুমার এবং চোহান জাতি চাচিকদেব নামে এক রাজপুত্র এই দুই জন রাজাকে নিবেদন করিলেন হে স্বামিন্ নীচগামি সলিল প্রায় শত্রুভয়ে পলায়মান যে তোমার সেনাগণ তাহারদিগকে সম্প্রতি কে নিবারণ করিতে পারে যদি আপনি এক ক্ষণ ইতস্ততো ভ্রমণ করিয়া এখানে পুনশ্চ আসিয়া দেখেন তবে আমরা তোমার শত্রুকে খড়্গধারের পরিচিত কিম্বা চিত্রা শায়ী করি ৷ যবনাধিপতি কহিলেন তোমরাই সাধু তোমারদের দুই জন ব্যতিরেকে অন্য কোন পুরুষ এমত সাহস করিতে পারে ॥

তাহারপর নরসিংহদেব সাহস স্ফুরিতবাহু হইয়া বজ্রপাতের ন্যায় কশাঘাতে অশ্বকে শীঘ্রগামী করিয়া এবং বিপক্ষবর্গের অলক্ষিত হইয়া কাফরবাজের সৈন্যমধ্যে প্রবেশ করিলেন পরে নর সিংহদেব অতিশয় উদ্দীপ্ত শ্বেতছত্রের তলস্থিত কাফররাজের হৃদয়ে শল্যাস্ত্র প্রহার করিলেন ৷ কাফররাজ সেই অস্ত্র প্রহারেতে প্রাণ ত্যাগ করিয়া ভূমিতে পড়িলেন ৷ সেই কালে চাচিকদেব ভূতলে পতিত এবং ত্যক্ত জীবন সেই কাফররাজের মস্তক ছেদন করিয়া যবনেশ্বরের নিকট আনিয়া দিলেন ৷ যবনরাজ ছিন্ন মস্তক দেখিয়া জিজ্ঞাসা করিলেন এ মস্তক কাহার ৷ চাচিকদেব উত্তর করিলেন এ মস্তক কাফররাজের ৷ যবনরাজ পুনশ্চ জিজ্ঞাসা করিলেন কোন বীরে কাফররাজকে নষ্ট করিয়াছেন ৷ চাচিকদেব উত্তর করিলেন হে রাজাধিরাজ অনুপম পরাক্রম

এবং নরশ্রেষ্ঠ শ্রীনরসিংহদেব কাফররাজকে নষ্ট করিয়াছেন আমি তাঁহার পশ্চাৎ গমন করিয়া কাফররাজের শিরশ্ছেদন করিলাম ৷ যবনস্বামী পুনর্ব্বার জিজ্ঞাসা করিলেন নরসিংহদেব কোথায় আছেন ৷ চাচিকদেব কহিলেন হে ভূপাল কাফররাজের সন্নিধিবর্ত্তী এবং স্বামি সংহার জন্য কোপে কম্পিত কলেবর এমত বীরগণকর্ত্তৃক হন্যমান প্রায় নরসিংহদেবকে দেখিয়াছি সম্প্রতি তিনি কোথায় গিয়াছেন এবং কোথায় আছেন তাহা আমি জানি না ৷ সেই ক্ষণে যবনেশ্বর হত নায়ক এবং পলায়মান শত্রু সেনা সকলকে দেখিয়া পরমাহ্লাদিত হইলেন এবং পলায়িত বিপক্ষ সৈন্যের পশ্চাদ্গামি নিজ সেনাগণকে কহিলেন হে আমার যোদ্ধাগণ তোমরা কেন শত্রু সেনাগকে নষ্ট করিতেছ সম্প্রতি আমার রাজ্য রক্ষাকর্ত্তা এবং কাফররাজান্তক যে নরশ্রেষ্ঠ শ্রীনরসিংহদেব তাঁহাকে আনিয়া দেও ৷৷

পরে যবনরাজ অনুসন্ধান করিয়া অনেক নারাচাস্ত্র প্রহারেতে ছিন্ন ভিন্ন শরীর এবং গলিত রুধিরের সহস্র২ ধারাতে স্ফুটিত কিং শুক পুষ্পের ন্যায় ও অতিশয় বেদনাতে মূর্চ্ছিত নরসিংহদেবকে দেখিয়া তৎক্ষণাৎ ঘোটকহইতে নামিয়া জিজ্ঞাসা করিলেন হে নরসিংহদেব তুমি বাঁচিবা ৷ নরসিংহদেব উত্তর করিলেন হে রাজাধিরাজ আমি যাহা করিয়াছি আপনি তাহা অবগত হইয়াছেন ৷ নরপতি প্রত্যুত্তর করিলেন চাচিকদেব কহিলেন যে তুমি আমার শত্রু বিনাশ করিয়াছ তাহাতেই আমি তোমার সমস্ত কার্য্য জানিয়াছি ৷ নরসিংহদেব

কহিলেন আমি যাঁহার হিতেচ্ছাতে অতিশয় দুঃসাধ্য কর্ম্ম স্বীকার করিয়াছিলাম যদি তিনি সে সকল জ্ঞাত হইয়াছেন তাহাতেই আমার শ্রমরূপ বৃক্ষ ফলবান হইল অতএব আমি দীর্ঘ জীবী হইব ৷ তদনন্তর যবনরাজ মল্লদেবের শরীরে অতিশয় মগ্ন বাণ সকল উদ্ধার করিয়া এবং নানাপ্রকার ঔষধ সেবন ও পথ্য প্রয়োগেতে অল্প দিনের মধ্যে নরসিংহকে অক্ষত শরীর করিলেন ৷৷

পরে যবনরাজ সহস্র২ উত্তমাশ্ব ও লক্ষ২ স্বর্ণ ও ছত্র এবং চামর আর অনেক অর্থ দিয়া নরসিংহদেবের পুরস্কার করিলেন ৷ প্রসাদ প্রাপ্ত হইয়া নরসিংহদেব যবনরাজকে নিবেদন করিলেন হে রাজাধিরাজ যুদ্ধ করা রাজপুত্রেরদের স্বাভাবিক ধর্ম্ম আমি কি অদ্ভুত কর্ম্ম করিলাম যে আমার এতাদৃশ সম্মান করিলেন সে যে হউক যদি আমার পুরস্কার বিহিত হইল তবে চাচিকদেবের সম্মান করুন তিনি সত্য প্রতিপালনের নিমিত্তে মহারাজের নিকটে শত্রুর মস্তক আনয়ন করিয়া আমার যশঃ প্রশংসা করিয়াছেন স্বীয় পুরুষার্থ প্রকাশ করেন নাহি ইনি মারণচিহ্নরূপক শত্রু মস্তক আনিয়াও আমি বৈরি বিনাশ করিয়াছি ইহা কহেন নাহি তন্নিমিত্তে প্রথমত চাচিকদেবের পুরস্কার কর্ত্তব্য ৷ পরে চাচিকদেব কহিলেন হে রাজকুমার আমার নিমিত্তে এ প্রকার বক্তব্য নহে আমি কেন তোমার শৌর্য্যের ফল লইয়া পরের উচ্ছিষ্টভোগী হইব ৷ তাহা শুনিয়া নরসিংহদেব কহিলেন হে সত্যবীর চাচিকদেব তুমি সাধু তোমার এই সত্যতা হেতুক বুঝিলাম

যে তুমি পণ্ডিত এবং সতীপুত্র ও অতি প্রশংসনীয় মহাশয় ৷ তদনন্তর যবনেশ্বর ঐ দুই রাজপুত্রের পরস্পরালাপে হৃষ্টচিত্ত হইয়া দুই রাজকুমারের তুল্য পুরস্কার করিলেন ৷৷

৷৷ ইতি সত্যবীর কথা সমাপ্তা ৷৷

৷৷ অথ শস্ত্রবিদ্যকথা ৷৷

শস্ত্র বিদ্যাহইতে শাস্ত্র বিদ্যা স্বাভাবিক ক্ষুদ্রা যে হেতুক শস্ত্রকর্তৃক রাষ্ট্র রক্ষিত হইলে শাস্ত্র চিন্তার প্রবৃত্তি হয় ৷ যিনি সকল শাস্ত্র অভ্যাস করিয়া তাহার যথার্থবেত্তা হন তিনিই শাস্ত্রবিদ্যরূপে খ্যাত হন এবং অস্ত্রব্যাপারে অতি নিপুণ হইতে পারেন ৷ তাহার উদাহরণ ৷৷

ধারা নামে এক রাজধানী ছিল সেখানে বিবেকশর্ম্মা নামে এক ব্রাহ্মণ ব্রাহ্মণের পুত্র নির্ব্বিবেক নামা বসতি করে সে বেদাধ্যয়নে পরাঙ্মুখ হইয়া এবং বিশিষ্টাচার হীন হইয়া ব্যাধগণের সহিত মৃগয়াতে আসক্ত হইল ৷ এক সময় সেই ব্রাহ্মণ মাতার অনুনয় বাঁকোতে মৃগয়ার নিমিত্তে বনে না গিয়া গৃহে থাকিল এবং সেই সময়ে এক দেবালয়ের গর্ত্ত মধ্যে শব্দ করিতেছে যে কপোত সকল তাহার দিগকে দেখিয়া চিন্তা করিল যে এই দেবমন্দিরের উপরে উঠিয়া পারাবত সকল পাড়িয়া আনি ৷ শাস্ত্রে লিখিত আছে যে কামুক লোক স্ত্রী ব্যতিরেকে আর কোন বস্তুতেই সুখী হয় না এবং পিশুন

লোক খলতা ব্যতিরেকে সুখী হইতে পারে না হিংস্রলোক হিংসা না করিয়া স্বচ্ছন্দে থাকিতে পারে না ॥

অনন্তর ঐ ব্রাহ্মণ কপোত লইবার নিমিত্তে দেবমন্দিরে উঠিয়া গর্ত্তে হাত দিয়া গর্ত্তস্থ সর্পকে করিয়া পারাবত জ্ঞানে আকর্ষণ করিল তাহাতে সেই আকৃষ্ট সর্প ঐ ব্রাহ্মণের হস্ত বেষ্টন করিল ৷ তখন ঐ ব্রাহ্মণ এই চিন্তা করিল যদি আমি সর্প ত্যাগ না করি তবে এক হস্তাবলম্বনে দেবালয়হইতে নামিতে পারি না যদি ত্যাগ করি তবে ভুজঙ্গ আমাকে দংশন করিবে সম্প্রতি কি করি এতদ্রূপ বিপত্তিগ্রস্ত হইয়া উচ্চৈঃস্বরে আর্ত্তনাদ করিতে লাগিল এবং কহিতে লাগিল হে লোক সকল আমাকে রক্ষা কর ৷ গ্রন্থকারেরা কহিয়াছেন যে লোক আপনার দোষ গ্রহণ করে না এবং সর্ব্বদা ব্যসনেতে প্রবৃত্ত হয় সেই মনুষ্য ঐ ব্যসন জন্য ফলপ্রাপ্ত হইয়া অবশ্য কাতর হয় ৷ অনন্তর ঐ ব্রাহ্মণের কথা শুনিয়া সেই স্থানে অনেক লোকের সমাগম হইল ৷ এবং রাজা ভোজ ঐ সম্বাদ শুনিয়া ব্রাহ্মণের রক্ষার্থে সেই স্থানে আগমন করিলেন কিন্তু সকল লোক উৎকণ্ঠা ও শীঘ্রতার নিমিত্তে ব্রাহ্মণের ত্রাণের কোনহ উপায় অবধারিত করিতে না পারিয়া নিশ্চেষ্ট হইয়া থাকিলেন ॥

রাজা ভোজ পর্ব্বত শিখরের ন্যায় দেবমন্দিরের মস্তকে এক হস্তাবলম্বী এবং ভুজঙ্গেতে বেষ্টিত দ্বিতীয় হস্ত এই প্রকার ব্রাহ্মণকে দেখিয়া সকলকে কহিলেন হে মনুষ্য সকল তোমারদিগের মধ্যে

এমত কেহ আছে যে এই বিপ্রকে রক্ষা করিতে পারে এবং সেই রক্ষাতে ব্রাহ্মণ উপদ্রবরহিত হইয়া অনায়াসে দেবমন্দির হইতে নীচে আসিতে শক্ত হয় এমত করিতে পারে তবে আমি তাহাকে অবশ্য এক লক্ষ স্বর্ণমুদ্রা দিব ৷ ভোজ রাজার এই বাক্য শুনিয়া রাজপুত জাতি সিংহল নামে এক পুরুষ ধনুর্বিদ্যাতে অতি কুশল সে কহিল. হে নরেন্দ্র. এই বিপ্রের রক্ষার নিমিত্তে বিস্তর প্রয়াস করিব না আমি অল্প প্রয়াসেতে বিপ্রকে নীচে আনিতেছি কিন্তু ব্রাহ্মণ ভুজঙ্গবেষ্টিত ঐ বাহু আমাকে দর্শন করাউক তাহাতে বিপ্র ও সেই রূপ করিল ৷৷

পরে ঐ রাজপুত ধনুকেতে নারাচাস্ত্রযোগ করিয়া এবং ঐ অস্ত্র কর্ণমূলপর্যন্ত আকর্ষণ করিয়া ত্যাগ করিল এবং সর্পের মস্তক ছেদন করিল তাহাতে সর্পের শরীর ব্রাহ্মণের হস্তত্যাগ করিয়া মৃত্তিকাতে পড়িল ৷ পশ্চাৎ ব্রাহ্মণ সর্পের ফণা ত্যাগ করিয়া নিরুদ্বেগ ও স্ববশ হইয়া দেবালয়হইতে নামিলেন ৷ রাজা ভোজ তাহা দেখিয়া পরমাহ্লাদিত হইয়া ঐ রাজপুতকে স্বীকৃত লক্ষ স্বর্ণমুদ্রা দিলেন এবং উত্তম বস্ত্র ও নানালঙ্কার দিয়া সন্তুষ্ট করিলেন ৷ কোন কবি তাহা দেখিয়া এক কবিতা পাঠ করিলেন তাহার অর্থ এই ৷ যে সিংহল রাজপুত ব্রাহ্মণের পরিত্রাণ এবং লক্ষ সুবর্ণমুদ্রা লাভ করিয়া ভূপালকর্তৃক পূজিত হইল অতএব মনুষ্য সুশিক্ষিত অস্ত্রবিদ্যা প্রভাবে কি২ লাভ না করিতে পারে অর্থাৎ রাজ্য প্রভৃতি অনেক উত্তম বস্তু লাভ করিতে পারে ৷৷

৷৷ ইতি শস্ত্রবিদ্যকথা সমাপ্তা ৷৷

॥ অথ হাস্যবিদ্যকথা ॥

যে লোক অঙ্গের ও বাক্যের বিকৃতিদ্বারা ধনিরদিগকে হাস্যযুক্ত করে সেই পুরুষ সর্ব্বত্র হাস্যবিদ্যরূপে খ্যাত হয় ৷ তাহার উদাহরণ এই ॥

কাঞ্চীপুরীতে সুপ্রতাপ নামে এক রাজা থাকেন ৷ সেই নগরীতে চারি চোর কোন ধনবানের ঘরে সিঁধ দিয়া অনেক ধন চুরি করিয়া যখন ঘরের বাহিরে আইসে তখন নগর রক্ষকেরা সিঁধের দ্বারে ই সকল দ্রব্যের সহিত চোর সকলকে ধরিয়া নরপতির নিকটে উপস্থিত করিল ৷ রাজা তাহারদের বৃত্তান্ত শুনিয়া বিচারদ্বারা তাহারদিগকে চোর অবধারিত করিয়া ঘাতুক পুরুষেরদিগকে আজ্ঞা করিলেন যে এই চোরগণকে শূলে দিয়া নষ্ট করহ ৷ দণ্ড নীতিশাস্ত্রবেত্তারা কহিয়াছেন যে শিষ্ট লোকের সম্বর্দ্ধনা ও দুষ্টলোকের দমন করা রাজার ধর্ম্ম ৷ অনন্তর নরপতির আজ্ঞানুসারে ঘাতুক পুরুষেরা ঐ চোরগণকে নগরের বাহিরে লইয়া তাহারদের তিন জনকে শূলে দিয়া নষ্ট করিল ৷ সেই সময়ে চতুর্থ চোর চিন্তা করিল যে মরণ নিকটোপস্থিত হইলে আত্ম রক্ষার উপায় চিন্তা কর্ত্তব্য হয় কিন্তু লোকের মৃত্যু হইলে সকল উদ্যোগ নিষ্ফল হয় অপর কোনহ লোক ব্যাধিতে পীড়িত হইয়া এবং রাজদণ্ডে ম্রিয়মাণ হইয়া যদি আত্ম রক্ষার উপায় করিতে পারে তবে সেই ম্রিয়মাণ লোক যমের দ্বারহইতে ফিরিয়া আইসে অতএব আত্ম

রক্ষার কোন উপায় করি ৷ ইহা স্থির করিয়া কহিল ও ঘাতুক পুরুষ সকল তোমরা আমারদিগের তিন জনকে নষ্ট করিয়াছ কিন্তু আমাকে একবার রাজার সহিত সাক্ষাৎ করাইয়া পশ্চাৎ নষ্ট কর তাহার কারণ এই যে আমি এক উত্তম বিদ্যা জানি আমি পঞ্চত্ব পাইলে সেই বিদ্যার প্রচার থাকিবে না অতএব আমি সেই বিদ্যা রাজাকে শিক্ষা করাইব তাহারপর তোমরা আমাকে নষ্ট করিও তথাপি পৃথিবীতে সেই বিদ্যা থাকিবে ৷৷

ঘাতুকেরা ঐ কথা শুনিয়া কহিল ও চোর তুই অতি মূর্খ বধস্থানে আসিয়াও এখন বাঁচিবার ইচ্ছা করিতেছিস্ তুই নরাধম রাজা কেন তোর বিদ্যা গ্রহণ করিবেন ৷ চোর পুনশ্চ কহিল রে ঘাতুকেরা তোরা কি রাজার কার্য্য ক্ষতি করিবি যদি রাজা শুনেন তবে অবশ্য এই বিদ্যা গ্রহণ করিবেন বরং রাজা তোরদের প্রতি তুষ্ট হইয়া অনুগ্রহ করিবেন ৷ ঘাতুকেরা চোরের কথাক্রমে রাজাকে ঐ বিদ্যার সম্বাদ কহিল ৷ রাজা তাহা শুনিয়া কৌতুকার্থে সেই চোরকে ডাকিয়া জিজ্ঞাসা করিলেন ওরে চোর তুই কি বিদ্যা জানিস্ ৷ চোর কৃতাঞ্জলি হইয়া নিবেদন করিল মহারাজ আমি সুবর্ণকৃষি বিদ্যা জানি ৷ রাজা তাহা শুনিয়া কিঞ্চিৎ হাস্য করিয়া কহিলেন এ বড় আশ্চর্য্য ৷ চোর নিবেদন করিল হে রাজাধিরাজ এক সর্ষপ পরিমিত সুবর্ণের বীজ করিয়া নিয়মমত মৃত্তিকায় বুনিলে এক মাসেতে ঐ বীজ সুক্ষের ন্যায় অতি স্থূল হইবে তাহার বৃক্ষেতে এক পল পরিমিত স্বর্ণপুষ্প হইবে

